জাতক-বোধিনী।

প্রথমখণ্ড।

শ্রীধনঞ্জয় বড়ুয়া প্রণীত।

জাতক-বোধিনী।

অর্থাৎ

পালি জাতকের সান্বয় ও সটীক

বাঙ্গালা ব্যাখ্যা।

প্রথম খণ্ড।

শ্রীধনঞ্জয় বড়ুয়া প্রণীত।

কলিকাতা

৫ নং ললিত মোহন দাসের লেন "বৌদ্ধধর্ম্মাঙ্কুর বিহার"

হইতে শ্রীমহাবীর বড়ুয়া কর্তৃক

প্রকাশিত।

১৯০৭, জানুয়ারি। ২৪৫০ বুদ্ধাব্দ, মাঘ।

প্রথম খণ্ডের মূল্য ৷৷০ আট আনা মাত্র।

নিবেদন।

প্রিয় পালিশিক্ষার্থী বৌদ্ধ শ্রমণ ও ছাত্রগণ! আত্মজনের উন্নতি কামনা ও আমার প্রতি তাহাদের ততোধিক স্বার্থপূর্ণ প্রতিভক্তি বা স্নেহহেতু আমি মানব পরমায়ুর অর্দ্ধকালান্তেও "ছাত্র" নাম ঘুচাইতে পারিলাম না। এখনও আমাকে বই হাতে করিয়া পড়িতে যাইতে হয়, আর অন্নের জন্য প্রত্যহ সন্ধ্যা সকাল বালকদের সঙ্গে বকাবকি করিয়া মাথা ঘামাইতে হয়। সম্প্রতি অন্ন-সংস্থানের একটী অভিনব উপায় স্থির করিয়া তোমাদের নিকট উপস্থিত হইলাম। এই উপায়টী অপরাপর শিক্ষিত ও উন্নত জাতির পক্ষে নিতান্ত তুচ্ছ ও নগন্য হইলেও আমাদের সমাজের অভাব ও অবস্থা দর্শনে আমার আশা হইতেছে, তোমরা ইহার প্রতিদানে আমাকে নিশ্চয়ই সাহায্য ও উৎসাহিত করিবে।

এই বৌদ্ধনীতিপূর্ণ জাতক আখ্যায়িকাখানি প্রকাশের আরও একটী প্রধান-তম উদ্দেশ্য আছে। আমরা যেই সমস্ত চট্টগ্রামবাসী বাঙ্গালী, "বৌদ্ধ" বলিয়া পরিচয় প্রদান করি, সেই আমাদের মধ্যে স্বধর্ম্মনীতিজ্ঞান ও স্বজাতীয়গৌরববোধ একেবারেই নাই। আমাদের মধ্যে অল্পদিনে যে কয়েক জন যুবক ইংরেজীভাষায় অর্দ্ধশিক্ষিত হইয়া উঠিয়াছে, তাহাদের শিক্ষা (?) আমাদের সমাজ ও পরিবারের পক্ষে ভয়ঙ্কর মারাত্মক ব্রহ্মাস্ত্র হইয়া পড়িয়াছে। ইহাদের গুরুজনবর্গ অপরাপর জাতির বাহ্যিক অনুকরণে ইহাদিগকে ইংরেজী শিক্ষা দিয়া আপনাদের পায়ে আপনারাই কুঠারাঘাত করিয়াছেন বলিয়া এখন অনুতাপ করিতেছেন। পিতা, পিতৃব্য, মাতুল ও ভ্রাতা, আপন আপন পুত্র, ভ্রাতুষ্পুত্র, ভাগিনেয় ও সহোদরকে প্রথমতঃ স্বধর্ম্মজ্ঞান ও জাতীয়গৌরব হৃদয়ঙ্গম না করাইয়া নৈতিক ভিত্তিহীন হৃদয়ে পাশ্চাত্য শিক্ষার ক্ষীণাভাস দিয়া তাহাদেরই প্রক্ষিপ্ত বিষাস্ত্রে আপনারাই আহত ও প্রতিহত হইতেছেন। সম্প্রতি আমাদের মধ্যে দুইদলের দুইজন নেতাও আবার যেইরূপ মহা অস্ত্রের প্রয়োগ শিক্ষা দিতেছেন, তাহাতে আমার বিশ্বাস, তাঁহাদের শিক্ষিত অস্ত্রই আমাদের সমাজ ও আত্মধ্বংসের কারণ হইবে। তবে এই বিপত্তির সময়ে, চট্টলের কতিপয় মুখ্যভিক্ষু যে পালিচতুষ্পাঠী সংস্থাপনের জন্য যত্নপর হইয়াছেন, তাহাতে আমার কিঞ্চিৎ আশার সঞ্চার হইতেছে। এই ক্ষীণ আশা ও তোমাদের ভাবী উন্নতির উপর নির্ভর করিয়াই এই পুস্তক খানি প্রকাশিতকরিলাম।

শাসত্বের অনল্পকল্পিত ও অননুভাবিত প্রতিদ্বন্দ্বিতায় গোপনে গুপ্তস্থান হইতে প্রক্ষিপ্ত সাংঘাতিক অস্ত্রে আহত ও পীড়িত হইয়া যখন আমি চট্টলের অনাথ-বাজারের বৌদ্ধবিহারে আশ্রয় লইয়াছিলাম, তখনই এই পুস্তক খানি লিখিতে আরম্ভ করি। তৎপর আমার জীবিকানির্ব্বাহের শেষ ও একমাত্র আশা ভরসাটী বিনাশের হেতুস্বরূপ নতদিন পূর্ব্বে গোপনে লুক্কায়িত আর একটী মারাত্মক অস্ত্রে যখন আমি "সাতসমুদ্রতেরনদী"র অদূরবর্ত্তী কলিকাতা মহানগরীতে প্রক্ষিপ্ত হই, তখন শ্রদ্ধেয় মহাস্থবির স্বামী কৃপাশরণ ভিক্ষুর পদাশ্রয়ে "ধর্ম্মাঙ্কুরের" শান্তির কোলে বসিয়া ইহার শেষাংশ লিখি। সুতরাং আমার শারীরিক ও মানসিক অদ্ধবিকৃত অবস্থাতেই এই পুস্তকখানি লিখিত হইয়াছে; অধিকন্তু বঙ্গদেশের ইদানীন্তন পালিভাষার মহা'পণ্ডিত সুপণ্ডিত মহামহোপাধ্যায় শ্রীযুক্ত সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম এ, ও মিঃ চ নলাথ দে এম্ এ, এতদুভয়ের কাঁহাকেও আমার এই পুস্তকখানি মুদ্রাঙ্কনের পূর্ব্বে বা সময়ে দেখাইবার অবসর পাই নাই। সুতরাং ইহার মধ্যে যে ভুলভ্রান্তি নাই, এই কথা বলিতে পারি না। সেই জন্য সানুনয় নিবেদন কোনও মহাত্মা কোনও স্থলে অর্থগত বৈলক্ষণ্য বা ভ্রমপ্রমাদ দেখিয়া অনুগ্রহ পূর্ব্বক আমাকে জানাইলে, ইহার পরবর্ত্তী খণ্ডে তাহা পরিবর্ত্তিত ও সংশোধিত করিয়া দেওয়া হইবে।

এই পুস্তক খানি প্রণয়ন কালে আবদুল্লাপুর ও পাহাড়তলী নিবাসী আমার সহোদরপ্রতিম স্নেহভাজন শ্রীমান রবিশচন্দ্র ও বড়ুয়া শ্রীমান সৌরীন্দ্র মোহন মুৎসুদ্দি আমাকে যথেষ্ট উৎসাহ প্রদান করিয়াছিল; এবং চট্টগ্রাম কলেজের পালি শিক্ষক শ্রদ্ধেয় শ্রীযুক্ত ধর্ম্মবংশ ভিক্ষু মহোদয়ও পুস্তকাদি দ্বারা আমার সাহায্য করিয়াছিলেন। শেষকথা, মকুটনাইট নিবাসী শ্রীযুক্ত বাবু মহারাজ বড়ুয়া এই পুস্তক খানির প্রকাশের ভারগ্রহণ করিয়া আমায় যথেষ্ট উপকার করিয়াছেন। তজ্জন্য সকলের নিকট কৃতজ্ঞ রহিলাম। ইতি

মাঘ, ২৪১০ বুদ্ধাব্দ।

গ্রন্থকার।

অশুদ্ধ সংশোধন ও প্রকারান্তর অর্থ।

পৃষ্ঠা ও	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ	পৃষ্ঠা ও	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৪	২৪	বুদ্ধি°	বুদ্ধি	১৯	২৭	পকখিপিতু	পকখিপিতুং
	[illegible]	[illegible]	ঠিতো	২৩	১১	সঙ্কিং	সঙ্কিং
		[illegible]	ঠিতো	২৭	২৬	'সক্কা', 'সক্কো' শব্দের তয়া বিভক্তি,	'সক্কা' নিপাতনং
	১৮	চিন্তন	চিন্তনকো				
[illegible]	১৫,১৮,	গচ্ছতু	গচ্ছেতুং	৪১	৮	স্তার	স্তার বা স্তাত
১	২১	উদ্দেশ্য	উদ্দেশ্যগুণ	৪৮	১১	তৃষ্ণা	তন্হা
১৪	১৩	উট্ঠাপেসি	ঠাপেসি	৫৩	১৭	বসথ	বসগ্গ

১৪।৫ "অকখিহি ..পগ্ঘারন্তেন, (চক্ষুদ্বয় হইতে...)" স্থলে, 'পগ্ঘারন্তেন অসুহনা অকখিহি (প্রবাহিত অশ্রুযুক্ত নয়নে)' এইরূপ অন্বয় করিলে ভাল হয়।

১৯।৪, 'পত্ত' শব্দের অর্থ, 'আদেশ, কর্ত্তব্যতা অথবা পাত্র (ব্যক্তি) করিলেও হয়।

জাতক-বোধিনী।

প্রথমখণ্ড।

সুংসুমারজাতকং—শিশুমারজাতক *

অতীতে (অতীতকালে) বারাণসিযং (বারাণসীতে) ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে (ব্রহ্মদত্ত রাজত্ব করিলে অর্থাৎ যখন ব্রহ্মদত্ত রাজত্ব করিতেছিলেন সেই সময়ে) বোধিসত্তো (বোধিসত্ত্ব, ভবিষ্যবুদ্ধ) কপিযোনিযং (কপিযোনিতে, বানর জন্মে) নিব্বত্তিত্বা (অবতরণ করিয়া, জন্মধারণ করিয়া) নাগবলো (নাগবল, হস্তীর ন্যায় বলশালী) থামসম্পন্নো (ঠামসম্পন্ন, শক্তিসম্পন্ন, সুদৃঢ়) মহাসরীরো (স্থূলকায়) সোভগ্গপ্পত্তো (সৌভাগ্য প্রাপ্ত, সৌভাগ্যশালী) হুত্বা (হইয়া) গঙ্গানিবত্তনে (গঙ্গানিবর্ত্তনে, গঙ্গার বাঁকে) অরঞ্ঞাযতনে (অরণ্যায়তনে, অরণ্যপ্রদেশে বা অরণ্যাবাসে) বাসং কপ্পেসি (বাস করিত)। তদা (সেই সময়ে) গঙ্গাযং (গঙ্গায়) একো সুংসুমারো বসি (এক শিশুমার [কুম্ভীর] বাস করিত)। অথ (অনন্তর, একদিন) অস্স (কুম্ভীরের) ভরিযা (ভার্য্যা) বোধিসত্তস্স সরীরং দিস্বা (বোধিসত্ত্বের শরীর দেখিয়া) তস্স হদয মংসে (তাহার হৃদয় মাংসে) দোহলং উপ্পাদেত্বা (স্বাদ উৎপাদন করাইয়া, স্বাদ জন্মাইয়া) সুংসুমারং আহ (শিশুমারকে, কুম্ভীরকে বলিল):—"সামি (হে স্বামিন্!) অহং এতস্স কপিরাজস্স (আমি এই কপিরাজের) হদয মংসং খাদিতুকামো" (হৃদয় মাংস খাইতে অভিলাষী ") ইতি। " ভদ্দে (হে ভদ্রে!) মযং জলগোচরা (আমরা জলচর), এস থলগোচরো (এ স্থলচর), কিং ইতি তং

---

* শিশুমার অর্থে কুম্ভীরকে বুঝাইতেছে। শিশুদিগকে হত্যা করে বলিয়া শিশুমার বা "সুংসুমার" নাম হইয়াছে।

গণ্‌হিতুং সক্‌খিস্‌সাম্‌" (কি প্রকারে ইহাকে আক্রমণ করিতে সক্ষম হইব") ইতি। "যেন কেন উপায়েন গণ্‌হ (যেই সেই উপায়ে ধর); নচে (যদি) অহং ন লভিস্‌সামি (আমি না পাই) মরিস্‌সামি" (তবে মরিব") ইতি। "তেন (তজ্জন্য বা তাহা হইলে) মা ভায়ি (ভয় করিও না), একো উপায়ো অত্থি (এক উপায় আছে), ইতি (ইহাতে) তং (তোমাকে) তস্‌স হদয় মংসং খাদাপেস্‌সামি (তাহার হৃদয় মাংস খাওয়াইব") ইতি (এই বলিয়া) সুংসুমারিং সমস্‌সাসেত্বা (শিশুমারী বা কুম্ভীরীকে আশ্বাস দিয়া) বোধিসত্তস্‌স (বোধিসত্ত্বের) গঙ্গায় পানীয়ং পিবিত্বা (গঙ্গায় জল পান করিয়া) গঙ্গাতীরে নিসিন্ন-কালে (গঙ্গাতীরে উপবিষ্টকালে [উপবেশনকালে]) সন্তিকং গন্ত্বা এবং আহ :— (সমীপে গিয়া এইরূপ বলিল) :—"বানরিন্দ, (হে বানরেন্দ্র!) ইমস্মিং পদেসে (এই প্রদেশে) কসটফলানি খাদন্তো (কষায় বা কটুফল সমূহ ভক্ষণ করিতে করিতে) কিং (কেন, কি জন্য) ত্বং চিন্নট্‌ঠানে এব চরসি (তুমি চীর্ণ [চরিত] স্থানেই চরিতেছ,) পারগঙ্গায় (পারগঙ্গায়, গঙ্গার অপর পারে) অম্বলবুজাদীনং মধুর ফলানং অন্তো ন অত্থি (আম্র-অলাবুজ [মিষ্ট কুমড়া] ইত্যাদি মধুরফল-সমূহের অন্ত নাই,) তে (তোমার) তত্থ গন্ত্বা ফলাফলং খাদিতুং ন বট্টতি কিং (সেই খানে গিয়া ফলাফল খাওয়া উচিত নয় কি,) * "কুম্ভীলরাজ (হে কুম্ভীর রাজ!) গঙ্গা মহোদিকা বিত্থীণ্ণা (গঙ্গা মহোদকা [প্রভূতজলসম্পন্না], বিস্তীর্ণা) কথং তত্থ গমিস্‌সামি" (কি প্রকারে তথায় যাইব?) ইতি। সো (সেই কুম্ভীর) তং সদ্দহিত্বা (তাহাকে—বোধিসত্ত্বকে—শ্রদ্ধান্বিত করাইয়া [বিশ্বাস করাইয়া] "সাধু ইতি" সংপটিচ্ছিত্বা ("সাধু—হাঁ ভাল" এই বলিয়া সম্মত করাইয়া) চ (এবং) "তেন হি (তাহা হইলে) হি (এখানে নিশ্চয়ার্থে পদপূরণে) এহি (এস,) মে পিট্‌ঠিং অভিরূহ" (আমার পৃষ্ঠে আরোহন কর") ইতি বুত্তে (এইরূপ বলিলে) তং অভিরূহি (তাহার উপর আরোহন করিল।) সুংসুমারো থোকং নেত্বা (শিশুমার অল্পদূর নিয়া) উদকে ওসীদাপেসি (জলে ডুবাইয়া ফেলিল।) বোধিসত্তো আহ:—(বোধিসত্ত্ব বলিল :—) "সম্ম, মং উদকে ওসীদাপেসি (সৌম্য! আমাকে জলে ডুবাইয়া ফেলিলে,) এতং কিং নু

* বট্টতি শব্দের অর্থ উচিত। বাঙ্গালায় যেমন তোমার উচিত, তোমায় উচিত নয় প্রভৃতি বাক্যে কর্ত্তায় ষষ্ঠী হয়। এখানেও তাহাই হইতেছে।

খো” (এ কি ? অর্থাৎ ইহার কারণ কি ” ?)। “অহং তং (আমি তোমাকে) ধম্মে সুধম্মতায় (ধর্ম্মে ধর্ম্মজ্ঞানবশতঃ অর্থাৎ ধর্ম্মতঃ, সত্য সত্যই) গহেত্বা ন গচ্ছামি (লইয়া যাইতেছিনা,) পন (কিন্তু) তব হদয়মংসে (তোমার হৃদয় মাংসে) মে ভরিয়ায় (আমার ভার্য্যার) দোহলো উপ্পন্নো (স্বাদ উৎপন্ন হইয়াছে,) তং (তাহাকে) অহং তব হদয়ং খাদাপেতুকামো (আমি তোমার হৃৎপিণ্ড খাওয়াইতে অভিলাষী হইয়াছি।) “সম্ম! (হে সৌম্য! তে (তোমার বা তোমাকর্ত্তৃক) কথেন্তেন (এইরূপ বলাদ্বারা, এইরূপ বলিয়া,) সুন্দরং কতং (বেশ ভালই করা হইল) অর্থাৎ এই রূপ বলিয়া বেশ ভালই করা হইয়াছে।) সচে হি (যদি নিশ্চয়ই) অম্হাকং উদরে (আমাদের উদরে) হদয়ং ভবেয্য (হৃদয় হইত, থাকিত) সাখগ্গেসু (শাখাগ্রে) চরন্তানং ‘অম্হাকং’, হদয়ং (বিচরণকারী [আমাদের হৃদয়] চুন্নবিচুন্নং ভবেয্য (চূর্ণ বিচূর্ণ হইত)। কহং পন (কোথায় তবে) তুম্হে (তোমা কর্ত্তৃক) ঠপেথ (স্থাপিত হইয়াছে)”। বোধিসত্তো অবিদূরে (বোধিসত্ত্ব, অনতিদূরে) একং পক্ক ফলপিণ্ডিসম্পন্নং উদুম্বরং দস্সেন্তো (এক পক্কফলপুঞ্জসম্পন্ন উডুম্বর বৃক্ষ দেখাইতে দেখাইতে [দেখাইয়া] “আহ” :—“পস্স এতানি অম্হাকং হদয়ানি (দেখ, ঐ আমাদের হৃদয়গুলি) একস্মিং উদুম্বরে ওলম্বন্তি (এক উডুম্বর বৃক্ষে [অবলম্বন করিতেছে] ঝুলিতেছে)। “সচে মে হদয়ং দস্সসি (“যদি আমাকে হৃদয় দাও,) অহং তং ন মারেস্সামি (আমি তোমাকে মারিব না”) সো তং আদায় তত্থ অগমাসি (সে [কুম্ভীর] তাহাকে লইয়া তথায় আসিল।) বোধিসত্তো তস্স পিট্‌ঠিতো উপ্পতিত্বা বোধিসত্ত্ব তাহার পৃষ্ঠ হইতে উল্লম্ফন করিয়া) উডুম্বর-রুক্খে নিসীদিত্বা (উডুম্বরবৃক্ষে বসিয়া) “সম্ম বাল সুংসুমার (হে সৌম্য মূর্খ শিশুমার !) ইমেসং সত্তানং হদয়ং নাম (এই সকল প্রাণীর হৃদয় যে কখনও (১) রুক্খে হোতি (বৃক্ষাগ্রে থাকে) ইতি সঞ্ঞী অহোসি (এই সংজ্ঞা বা এইরূপ জ্ঞানী হইলে,) বালোসি (তুমি মূর্খ,) অহং তং বঞ্চেসিং (আমি তোমাকে বঞ্চিত করিয়াছি) ত্বং এব (তুমিই) তব ফলাফলং হোতু (২) (তোমার ফলাফল হও অর্থাৎ তোমার দুর্ভাগ্যের ফলাফল তুমিই হও), তে সরীরং এব

(১) ‘নাম’ এখানে অনিশ্চয়ার্থসূচক অব্যয়। (২) ‘তুমেব হোতু’ এইরূপ অন্বয়ও হইতে পারে।

পন মহন্তং (তোমার শরীরই কেবল মহৎ বা প্রকাণ্ড,) পন পঞ্ঞা ন অত্থি" (কিন্তু প্রজ্ঞা বা বুদ্ধি নাই") ইতি বত্বা (এই বলিয়া) ইমং অত্থং পকাসেন্তো (এই অর্থ, অর্থাৎ এই অভিপ্রায় প্রকাশ করিতে করিতে) ইমা গাথা অবোচ (এই গাথাগুলি বলিল :—

১। সান্বয়ার্থঃ—যানি 'অম্বপনসাদীনি' (যেই সমস্ত অম্বপনসাদি, আম-কাঠালাদি) সমুদ্দস্স পারং 'সন্তি' (সমুদ্রের পারে 'আছে') এতেহি অম্বেহি জম্বুহিচপনসেহিচ (এই সমস্ত আম জাম ও কাঠাল প্রভৃতি ফলে) অলং (কি প্রয়োজন অর্থাৎ নিষ্প্রয়োজন) মযহং উদুম্বরো বরং (আমাদের উডুম্বরই শ্রেষ্ঠ)

সান্বয়ার্থ :—বত (হায় !) তে বোন্দি (তোমার দেহ) মহতী (মহতী, প্রকাণ্ড) চ (কিন্তু) পঞ্ঞা (প্রজ্ঞা, বুদ্ধি) তদুপিকা (তদ্রূপা, তদপযুক্তা) ন 'ভবতি' (নয়)। ভো সুংসুমার (হে শিশুমার।) ত্বং বঞ্চিতো অসি (তুমি বঞ্চিত হইয়াছ।) ইদানি (এক্ষণে) যথাসুখং গচ্ছ (যথাসুখে চলিয়া যাও) ইতি।

সুংসুমারো সহস্সং পরাজিতোবিয় (শিশুমার সহস্র মুদ্রা পরাজিতের ন্যায়) অর্থাৎ সহস্র মুদ্রা হারাইলে যেমন হয় তেমন অথবা সহস্রবার পরাজিতেরন্যায়) দুক্খী দুম্মনো (দুঃখী, দুর্মনা) পজ্ঝায়ন্তো (প্রদগ্ধ হইতে হইতে, দগ্ধীভূত হইতে হইতে) অত্তনো (আপনার) নিবেসনট্ঠানে এব (নিবাস স্থানেই) গত (গেল)।

বানরিন্দ জাতকং—বানরেন্দ্র জাতক।

সান্বয়ার্থ—অতীতে (অতীত কালে) বারাণসিয়ং (বারাণসীতে, ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে (ব্রহ্মদত্ত রাজত্ব করিলে অর্থাৎ সেই সময়ে ব্রহ্মদত্ত রাজত্ব করিতেছিলেন সেই সময়ে) বোধিসত্তো (বোধিসত্ত্ব, ভবিষ্যবুদ্ধ) কপিযোনিয়ং (কপিযোনিতে, বানর জন্মে) নিব্বত্তিত্বা (নিবর্ত্তন বা অবতরণ করিয়া, অবতীর্ণ হইয়া, জন্ম ধারণ করিয়া) বুড্ঢিং অন্বায় (বৃদ্ধি পাইয়া, বয়ঃপ্রাপ্ত হইয়া) অস্সপোতক্কমাণো (অশ্বপোতপ্রমাণ অর্থাৎ অশ্বশাবকসদৃশ বলবান্) থামসম্পন্নো (ঠামসম্পন্ন, শক্তিসম্পন্ন, দৃঢ), একচরো (একচর, একাকী) হুত্বা

(হইয়া) নদীতীরে বিহরতি (নদীতীরে বিচরণ করিত)। (১) তস্সা পন (২) নদিয়া বেমজ্ঝে (সেই নদীর মধ্যে বা মধ্যভাগে) নানপ্পকারেহি অম্বপনসাদীহি ফলরুক্খেহি (নানা প্রকার আম্রপনসাদি [আম কাঁঠাল ইত্যাদি] ফলবৃক্ষ বা বৃক্ষ সমূহের দ্বারা) সম্পন্নো (সম্পন্ন, সমৃদ্ধিশালী) একো দীপকো (এক দ্বীপ)। 'অত্থি' ইতি (আছে)। (৩)। নাগবলো (নাগবল অর্থাৎ হস্তীর ন্যায় বলশালী) থামসম্পন্নো (শক্তিসম্পন্ন) বোধিসত্তো (বোধিসত্ত্ব) নদিয়া (নদীর) ওরিমতীরতো (নিকটবর্ত্তী এক তীর হইতে) ওরতো ('দ্বীপের' নিকটতর বা এই পার্শ্বে) 'সো' একো পিট্ঠিপাসাণো ("যেই" এক পৃষ্ঠপাষাণ বা পাষাণ-পৃষ্ঠ) অত্থি (আছে), তস্মিং নিপতন্তো (তাহাতে পতিত হইত); ততো (সেইখান হইতে) উপ্পতিত্বা (উলম্ফন করিয়া) তস্মিং দীপকে পততি (সেই দ্বীপে পতিত হইত)। তত্থ (সেইস্থানে, তথায়) নানপ্পকারানি ফলানি খাদিত্বা (নানাপ্রকার ফলসমূহ খাইয়া) সায়ং (সায়ংকালে, সন্ধ্যাকালে) তেন এব উপায়েন (সেই উপায়েই) পচ্চাগন্ত্বা (প্রত্যাগমন করিয়া, ফিরিয়া আসিয়া) অত্তনো (আপনার, নিজের) বসনট্ঠানে (বাসস্থানে) বসিত্বা (বাস করিয়া) পুন দিবসে অপি (পুনর্দ্দিবসেও, পরদিবসেও) তথা এব (সেই প্রকারই) করোতি (করিত)। ইমিনা নিয়ামেন (এই নিয়মের দ্বারা, এই নিয়মে) তত্থ বাসং কপ্পেতি (তথায় বাস করিত)। তস্মিং পন কালে (সেই সময়ে) সপজাপতিকো (সপ্রজাপতিক, সস্ত্রীক) একো কুম্ভীলো (এক কুম্ভীর) তস্সা নদিয়া (সেই নদীতে) (৪) বসতি (বাস করিত)। তস্স (তাহার, কুম্ভীরের) সা ভরিয়া (সেই ভার্য্যা) বোধিসত্তং (বোধিসত্ত্বকে) অপরপারং গচ্ছন্তং দিস্বা (অপরপারে যাইতে দেখিয়া) (৫) বোধিসত্তস্স হদয়মংসে (বোধিসত্ত্বের হৃদয়মাংসে) দোহলং উপ্পাদেত্বা (স্বাদ জন্মাইয়া) কুম্ভীলং আহ (কুম্ভীরকে বলিল) "অয্য ! (হে আর্য্য !) খো (অব্যয়, পদপূরণে) ইমস্স বানরিন্দস্স হদয়মংসে ("এই বানরেন্দ্রের—বানররাজের হৃদয়মাংসে)

---

(১) এখানে অতীতকালের ক্রিয়ার স্থলে "প্রত্যহ বিচরণ করা অভ্যাস ছিল বলিয়া" বর্ত্তমানের ক্রিয়ার প্রয়োগ হইয়াছে। ইতিহাসে এইরূপ প্রয়োগ হয়। (২) পন অব্যয়পদ, কোনও অর্থ নাই পদপূরণে ব্যবহৃত হয়। (৩) ক্রিয়া উহ্য। (৪) অধিকরণে ষষ্ঠী। (৫) গমনার্থ ধাতু সকর্ম্মক—'অপরপারং', কর্ম্ম।

মষ্‌হং (আমার) দোহলদো উপ্পন্নো" (আর উৎপন্ন") 'অত্তবি', ইতি (হইয়াছে)। ইতি (এইরূপ বলিল বা বলিলে), কুম্ভীলো (কুম্ভীর) (১) "সাধু হোতি, (আচ্ছা বেশ ভাল হইয়াছে) লচ্ছসি" (লাভ করিবে, তুমি পাবে") ইতি বত্বা (এই বলিয়া) (২) " অজ্জ (অদ্য, আজ) তং (তাহাকে বোধিসত্বকে) সায়ং (সায়াহ্নে) দীপকতো (দ্বীপ হইতে) আগচ্ছন্তং এব (আসিতেই) গণ্হিস্‌-সামি" (গ্রহণ বা আক্রমণ করিব)" ইতি (এই চিন্তা করিয়া) গন্ত্বা (যাইয়া) পিট্ঠিপাষাণে (পাষাণপৃষ্ঠে) নিপজ্জি (পড়িয়া রহিল)। বোধিসত্তো দিবসং চরিত্বা (বোধিসত্ব দিবসে চরিয়া) "চ" (এবং) সায়হ্নসময়ে (সায়াহ্ন সময়ে) দীপকে ট্ঠিতো ব ভূত্বা" (দ্বীপে স্থিত হইয়াই ["ভূত্বা" ক্রিয়া উক্ত]) পাসাণং ওলোকেত্বা (পাষাণকে অবলোকন করিয়া) "অয়ং পাসাণো ইদানি উচ্চতরো খায়তি (এই পাষাণ এক্ষণে উচ্চতর বোধ হইতেছে বা দেখাইতেছে) কিং নু খো (৩) কারণং (কারণ কি ?)" ইতি চিন্তেসি (এই চিন্তা করিল)। তস্‌স কির (পূর্ব্বকালে তাহার, বোধিসত্বের) উদকপ্পমাণং চ পাসাণপ্পমাণং চ (জলের পরিমাণ এবং পাষাণের পরিমাণ অর্থাৎ উচ্চতা বা গভীরতা) সুববত্থাপিতং এব হোতি (সুব্যবস্থাপিত অর্থাৎ স্থিরীকৃত বা জ্ঞাত ছিল)। তেন (সেই হেতু) অস্‌স (ইহার, বোধিসত্বের) এতদ্ অহোসি (এই প্রকার [চিন্তা] হইল)। "অজ্জ" (আজ) ইমিস্‌সা নদিয়া উদকং (এই নদীর জল) ন এব হায়তি (হ্রাসও হয় নাই) ন বড্‌ঢতি (বর্দ্ধিতও হয় নাই), অথ চ পন (অথচ) অয়ং পাসাণো (এই পাষাণ) মহাহুত্বা (উচ্চতর হইয়া) পঞ্ঞায়তি (প্রজ্ঞাপন করাইতেছে, জানাইতেছে, দেখাইতেছে), এত্থ (এস্থানে বা এস্থান হইতে) মষ্‌হং (আমাকে বা আমার) (৪) গহণত্থায় (গ্রহণ বা আক্রমণার্থে) কুম্ভিলো নিপন্নো (কুম্ভীর পতিত) "অত্থি" কচ্চিনুখো (আছে কি ?) (৫) ইতি (ইহা) ".চিন্তেত্বা" তং (তাহাকে বা তদ্বিষয়) তাব (সমস্তই) বীমংসামি (মীমাংসা করিতেছি, পরীক্ষা করিতেছি) ইতি (এই মনে করিয়া)

---

(১) বত্বা' গন্ত্বা ও নিপজ্জি এই তিন ক্রিয়ার কর্ত্তা। (২) ইহার কর্ম্ম—"সাধু"—লচ্ছসি"। (৩) "নু খো", এখানে প্রশ্নবোধক অব্যয়। (৪) চতুর্থী বা ষষ্ঠী বিভক্তি। (৫) "কচ্চিনুখো" নিশ্চয় কি না ? হয় কি ? কেহ কি ? সত্যকি ? ইত্যাদি প্রশ্ন বোধক ভাব প্রকাশ করে। 'কচ্চি কুম্ভিলো নিপন্নো" (কোনও কুম্ভীর নিপতিত আছে কি ?) এইরূপ অর্থও হইতে পারে।

তত্থ এব (সেইখানেই) ঠত্বা (থাকিয়া) পাসাণেন সদ্ধিং (পাষাণের সহিত) কথেন্তো বিয় (কথা বলিতেছে এমন ভাবে, কথা বলার ন্যায়) "ভো পাসাণ" (হে পাষাণ!) ইতি বত্বা (এই বলিয়া) পটিবচনং অলভন্তো (প্রতিবচন—প্রত্যুত্তর অলব্ধবন্ত বা অপ্রাপ্ত "হইয়া") যাবততীয়ং (তৃতীয়বার যাবৎ, তিনবার পর্য্যন্ত) "পাসাণ" ইতি আহ (হে পাষাণ! এইরূপ ডাকিল)।—"পাসাণো কিং পটিবচনং ন দস্সতি" ইতি ("পাষাণ প্রত্যুত্তর দিবে না কেন?" এই ভাবিয়া পুন অপি (পুনরায়ও) নং (তাহাকে) বানরো (বানর) আহ (বলিল) "কিং ভো পাসাণ (কেন হে পাষাণ) অজ্জ ময্হং পটিবচনং ন দেসি (আজ আমাকে প্রত্যুত্তর দিতেছ না)" ইতি আহ (এই বলিল)। কুম্ভীলো (কুম্ভীর) (১) "অদ্ধা (নিশ্চয়ই) অঞ্ঞেসু দিবসেসু (অন্য দিবসে) অয়ং পাসাণো (এই পাষাণ) বানরিন্দস্স পটিবচনং অদাসি (বানরেন্দ্রকে প্রত্যুত্তর দিয়া থাকে), ইদানি অস্স পটিবচনং দস্সামি (এক্ষণে ইহার প্রত্যুত্তর দিব)" ইতি চিন্তেত্বা (এই চিন্তা করিয়া) আহ (বলিল):—"কিং ভো বানরিন্দ (কি হে বানরেন্দ্র!) ইতি। ('বানর বলিল'):—"ত্বং কো অসি?" ('তুমি কে হও?') ইতি। ("কুম্ভীর বলিল")। "অহং কুম্ভীলো (আমি কুম্ভীর)" ইতি। ("বানরেন্দ্র বলিল") কিং অত্থং (কি জন্য) এত্থ নিপন্নো অসি (এখানে নিপতিত আছ?) ইতি। (কুম্ভীর)—"তব হদয়মংসং পত্থয়মানো (তোমার হৃদয়মাংসপ্রত্যাশী হইয়াছি বা প্রার্থনা করিতেছি), ইতি। বোধিসত্তো চিন্তেসি (বোধিসত্ত্ব চিন্তা করিল):—"মে (আমার) অঞ্ঞো গমন মগ্গো নত্থি (অন্য গমন পথ নাই) অজ্জ ময়া (অদ্য আমা-কর্ত্তৃক) এসো কুম্ভীলো বঞ্চেতব্বো (এই কুম্ভীরকে বঞ্চিত করা হইবে, এই কুম্ভীরকে বঞ্চনা করিতে হইবে)" ইতি অথ নং এবং আহ (এই বলিয়া অনন্তর তাহাকে এই প্রকার বলিল):—সম্ম কুম্ভীলো (সৌম্য কুম্ভীর।) অহং অত্তানং তুয্হং পরিচ্চজিস্সামি (আমি নিজকে তোমায় পরিত্যাগ বা প্রদান করিব) ত্বং মুখং বিবরিত্বা (তুমি মুখবিবর ([গর্ত্ত বা ব্যাদান] করিয়া) তব সন্তিকং আগত কালে (তোমার নিকট আগমন কালে) মং গণ্হাহি (আমাকে

(১) কুম্ভীর "চিন্তেত্বা", 'আহ' ইত্যাদি ক্রিয়ার কর্ত্তা।

আক্রমন করিও) ইতি। কুম্ভীলানং (কুম্ভীরদিগের) হি (পদপূরণে, এখানে নিশ্চয়ার্থে) মুখে বীবটে (মুখ ব্যাদান করিলে, মুখ বিবরিত হইলে) অক্খীনি নিমীলন্তি (চক্ষুদ্বয় নীমিলিত হয়, বুজিয়া যায়)। সো (সেই কুম্ভীর) তং কারণং অসল্লক্খেত্বা (সেই কারণ না বুঝিয়া, চক্ষুর্নীমিলন কারণ বুঝিতে না পারিয়া) মুখং বিবরি (মুখ ব্যাদান বা হা করিল)। অথ অস্স অক্খীনি অনন্তর ইহার চক্ষুদ্বয়) পিথীয়িংসু (আবৃত হইল)। সো মুখং বিবরিত্বা (সে কুম্ভীর মুখ ব্যাদান করিয়া) অক্খীনি নিমীলেত্বা (অক্ষিদ্বয় নিমীলিত করিয়া) নিপজ্জি (পড়িয়া রহিল)। বোধিসত্তো তথাভাবং ঞাত্বা (বোধিসত্ত্ব সেইভাব—নিমীলনভাব—জানিয়া) দীপকা (দ্বীপ হইতে) উপ্পতিত গন্ত্বা (উল্লম্ফনপূর্ব্বক গিয়া) কুম্ভীলস্স মথকং অক্কমিত্বা (কুম্ভীরের মস্তক আক্রমণ করিয়া) ততো উপ্পতিতো (সেইস্থান হইতে উৎপতিত "হইয়া") বিজ্জুল্লতা বিয় (বিদ্যুল্লতার ন্যায়, বিদ্যুৎরেখার ন্যায়), বিজ্জোতমানো (বিদ্যোৎমান, প্রদীপ্যমান "হইয়া") পরতীরে অট্ঠাসি (অপরপারে উপস্থিত হইল)। কুম্ভীলো তং অচ্ছরিয়ং দিস্বা (কুম্ভীর সেই আশ্চর্য্য ব্যাপার দেখিয়া) "ইমিনা বানরিন্দেন (এই বানরেন্দ্রের দ্বারা) অতি অচ্ছেরকং (আশ্চর্য্যজনক কার্য্য) কতং (কৃত, করা হইয়াছে) ইতি চিন্তেত্বা (এই চিন্তা করিয়া) "ভো বানরিন্দ (হে বানরেন্দ্র !) ইমস্মিং লোকে (এই পৃথিবীতে) চতুহি ধম্মেহি (চারি ধর্ম্মের দ্বারা) সমন্নাগতো (অলঙ্কৃত, সংযুক্ত) পুগ্গলো (পুরুষ) পচ্চামিত্তে (প্রত্যমিত্র-অর্থাৎ শত্রুগণকে) অভিভবতি (অভিভূত বা পরাজিত করে), তে সব্বেপি (সেই সমস্তই—চতুর্ধর্ম্মই) তুয্হং অব্ভন্তরে অত্থি (তোমার ভিতরে আছে) "ইতি' মঞ্ঞে (ইহা মনে করিতেছি". ইতি বত্বা ইমাং গাথং আহ (এই বলিয়া এই গাথা বলিল) :—

সান্বয়ার্থ—হে বানরিন্দ (হে বানরেন্দ্র) তব যথা (তোমার ন্যায়) যস্স (যাহার) সচ্চং (সত্য), ধম্মো (ধর্ম্ম), ধিতি (ধৃতি, ধৈর্য্য) চাগো (ত্যাগ, আত্মত্যাগ) এতে চতুরো ধম্মা (এই চারি ধর্ম্ম) "সন্তি" (আছে ইতি), সো পুগ্গলো (সেই পুরুষ) দিট্ঠং (শত্রুকে) অতিবত্ততি (অতিক্রম বা পরাজিত করে) ইতি।

বুদ্ধঘোষের টীকা।—তত্থ "যস্সা"তি যস্স কস্সচি পুগ্গলস্স

"এতে" তি ইদানী বত্তব্বো পচ্চক্খতো (প্রত্যক্ষতঃ) নিদ্দিসতি (নির্দ্দেশ করিতেছে)। "চতুরো ধম্মা" ইতি চত্তারো গুণা, "সচ্চ" ন্তি বচীসচ্চং (বাক্যে সত্য) মম সন্তিকং আগমিস্‌সামী'তি হি বত্বা মুসাবাদং (মিথ্যা কথা) অকত্বা আগতো যেবা'তি এতং তে বচীসচ্চং, "ধম্মো" বিচারণ পঞ্‌ঞা (বিচারণ প্রজ্ঞা বা বুদ্ধি) এবং কতে (করিলে) ইদন্নাম ভবিস্‌সতী' তি এসা তে বিচারণ পঞ্‌ঞা; "ধিতী" তি অব্‌বোচ্ছিন্নং বীরিয়ং (অবিচ্ছিন্ন বীর্য্য) বুচ্চতি এতম্পি তে অত্থি; "চাগো" তি আত্ম পরিচ্চাগো, ত্বং অত্তনং পরিচ্চজিত্বা মম সন্তিকং আগতো, যম্পনাহং গণ্‌হিতুং নাসক্খিং, ময়্হমেবেত্থ দোসো; "দিট্‌ঠন্তি" পচ্চামিত্তং "সো অতি বত্ততী"তি যস্‌স পুগ্‌গলস্‌স যথা তব এবং এতে চত্তারো ধম্মা অত্থি সো যথা মং অজ্জ ত্বং অতিক্কন্তো তথেব অত্তনো পচ্চামিত্তং অতিক্কমতি অভিভবতী' তি।

এবং (এই প্রকার) কুম্ভীলো বোধিসত্তং পসংসিত্বা (কুম্ভীর বোধিসত্বকে প্রশংসা করিয়া) অত্তনো বসনট্‌ঠানং গত (আপনার বাসস্থানে গেল)।

বক-জাতকং—বকজাতক।

অতীতে (অতীতকালে) একস্মিং অরঞ্‌ঞায়তনে (এক অরণ্যায়তনে, অরণ্যাবাসে) বোধিসত্তো, অঞ্‌ঞতরং পদুমসরং নিস্‌সায় (বোধিসত্ব অন্যতর পদ্ম-সরোবরের নিকটে) ঠিতে রুক্খে (স্থিত বৃক্ষে) রুক্খদেবতা হুত্বা নিব্বত্তি (বৃক্ষ দেবতা হইয়া অবতীর্ণ হইয়াছিলেন, জন্মিয়াছিলেন।) তদা (সেই সময়ে) অঞ্‌ঞতরস্মিং নাতিমহন্তে সরে (অন্যতর, অন্য এক নাতিবৃহৎ সরোবরে) নিদাঘসময়ে (নিদাঘ, গ্রীষ্মকালে) উদকং মন্দং অহোসি (জল হ্রাস হইয়াছিল); এত্থ (এখানে) বহূ চ মচ্ছা হোন্তি (অনেক মৎস্যও ছিল)। অথ (অনন্তর) একো বকো (এক বক) তে মচ্ছে দিস্বা (সেই মৎস্যদিগকে দেখিয়া) "একেন উপায়েন (এক উপায়ে) ইমে মচ্ছে বঞ্চেত্বা খাদিস্‌সামি" (এই মৎস্যদিগকে বঞ্চিত করিয়া খাইব) ইতি গন্ত্বা (এই "চিন্তা করিয়া" গিয়া) উদকপরিয়ন্তে (জলের প্রান্তে) চিন্তেন্তো (চিন্তা করিতে করিতে) নিসীদি (উপবেশন করিয়া রহিল)। অথ নং (অনন্তর তাহাকে) মচ্ছা

দিস্বা (মৎস্যেরা দেখিয়া) পুচ্ছিংসু (জিজ্ঞাসা করিল):—"কিং চিন্তেন্তো নিসীন্নোসি" (কি চিন্তা করিতে করিতে উপবিষ্ট আছেন?)। বক—"তুম্হাকং চিন্তেন্তো নিসীন্নোম্হি" (তোমাদিগকে অর্থাৎ তোমাদের বিষয় চিন্তা করিতে করিতেই উপবিষ্ট আছি)" ইতি। মৎস্যগণ—"অয্য! অম্হাকং কিং চিন্তেসি?" (আর্য্য! আমাদের কি চিন্তা করিতেছেন?)" ইতি। ইমস্মিং সরে (এই সরোবরে) উদকং পরিত্তং (জল অল্প), গোচরো মন্দ (খাদ্য বা শিকারও মন্দীভূত, অল্প) নিদাঘো চ মহান্তো (গ্রীষ্মও নিতান্ত প্রবল)। ইদানি "ইমে মচ্ছা কিং নাম (১) করিস্সন্তি" (এক্ষণে "এই মৎস্যেরা কি করিবে)"? ইতি (এই ভাবিয়া) "তুম্হাকং চিন্তেন্তো নিসীন্নোম্হি" (তোমাদিগকে চিন্তা করিতে করিতে উপবিষ্ট আছি) ইতি। (মৎস্যগণ)—"অয্য অথ কিং করোম" ("আর্য্য! তবে 'আমরা' কি করিব") ইতি। (বকো)—"তুম্হে (তোমরা) সচে (যদি) মম্হং বচনং করেয়্যাথ (আমার বচন বা উপদেশ পালন কর)। অহং বো একং একং (আমি তোমাদের এক একটীকে) মুখতুণ্ডকেন গহেত্বা (মুখচঞ্চুতে বা ঠোঁট দ্বারা ধরিয়া) একং পঞ্চবণ্ণপদুমসম্পন্নং মহাসরং (এক পঞ্চবর্ণপদ্মসম্পন্ন মহা-সরোবরে) নেত্বা বিস্সজ্জেয়্যাং (নিয়া বিসর্জ্জন করিব) ইতি। "অয্য (আর্য্য!) পথমকপ্পিকতো (প্রথম কল্প হইতে, সৃষ্টির প্রারম্ভ হইতে) পট্ঠায় (আরম্ভ করিয়া) মচ্ছানং চিন্তন বকো নাম ন অত্থি (মৎস্যদিগের 'জন্য' চিন্তাকারী বক কেহই নাই) ত্বং অম্হেসু একং একং খাদিতুকামোসি (তুমি আমাদিগকে একে একে খাইতে প্রয়াসী 'হইয়াছ') ইতি। মম্হং (আমাকে বা আমার প্রতি) সদ্দহন্তো (শ্রদ্ধা বা বিশ্বাসযুক্ত হইলে) অহং (আমি) তুম্হে (তোমাদিগকে) ন খাদিস্সামি (খাইব না)। সচে পন (যদি) সরস্স অত্থিভাবং (সরোবরের অস্তিত্বভাব অর্থাৎ আছে কি না ইহা,) মম্হং ন সদ্দহথ (আমাকে বিশ্বাস না কর) একং মচ্ছং (এক মৎস্যকে) মযা সদ্ধিং (আমার সহিত) সরং পস্সিতুং পেসেথ (সরোবর দেখিতে প্রেরণ কর) ইতি। মচ্ছা তস্স সদ্দহিত্বা (মৎস্যেরা তাহাকে বিশ্বাস করিয়া) "অয়ং জলে অপি থলে অপি সমত্থো" (এই "মৎস্য" জলে ও স্থলে সমর্থ, পারগ) ইতি (এই মনে করিয়া) একং কাণ মহামচ্ছং অদংসু (এক কাণা বৃহৎ মৎস্যকে প্রদান

করিল)। "ইমং গহেত্বা গচ্ছথ" (এই মৎস্যকে লইয়া যাও) ইতি (এই বলিলে) সো (সেই বক) তং গহেত্বা নেত্বা (তাহাকে ধরিয়া নিয়া) সরে বিস্সজ্জেত্বা (সরোবরে বিসর্জ্জন করিয়া) সব্বং সরং দস্সেত্বা (সমস্ত সরোবর প্রদর্শন করাইয়া) পুন আনেত্বা (পুনরায় আনিয়া) তেসং মচ্ছানং সন্তিকে (সেই মৎস্যদিগের নিকটে) বিস্সজ্জেসি (বিসর্জ্জন করিল), সো (সেই বক) তেসং মচ্ছানং (সেই মৎস্যদিগকে) সরস্স সম্পত্তিং বণ্ণেসি (সরোবরের সম্পত্তি বা সমৃদ্ধি বর্ণনা করিল), তে (তাহারা, মৎস্যেরা) তস্স কথং সুত্বা (তাহার কথা শুনিয়া) গন্তুকামো হুত্বা (গমন প্রত্যাশী হইয়া) আহংসু (বলিল):—"সাধু" অয্য (হে আর্য্য! আচ্ছা ভাল!) অম্হে গণ্হিত্বা গচ্ছাহি (আমাদিগকে লইয়া যান)। বকো পঠমং (বক সর্ব্বপ্রথমে) তং কাণমহামচ্ছং এব গহেত্বা (সেই কাণা বৃহৎ মৎস্যকেই ধরিয়া) সরতীরং নেত্বা (সরোবরতীরে নিয়া) সরং দস্সেত্বা (সরোবর দেখাইয়া) সরতীরে জাতে বরণরুক্খে (সরোবরতীরে জাত বরণবৃক্ষে) নিলীয়িত্বা (অবতরণ করিয়া) তং (তাহাকে, মৎস্যকে) বিটপান্তরে পক্খিপিত্বা (শাখার উপর নিক্ষেপ করিয়া) তুণ্ডেন বিজ্ঝন্তো (তুণ্ড বা চঞ্চুদ্বারা বিদ্ধ করিতে করিতে) জীবিতক্খয়ং পাপেত্বা (জীবিতক্ষয় বা প্রাণনাশ পাওয়াইয়া) মংসং খাদিত্বা (মাংস খাইয়া) কণ্টকে রুক্খমূলে পাতেত্বা (কণ্টকসমূহ বৃক্ষমূলে ফেলাইয়া) পুন গন্ত্বা (পুনরায় যাইয়া) "সো মচ্ছো মে বিস্সট্ঠো (সেই মৎস্য আমার বা আমাকর্ত্তৃক বিসর্জ্জিত 'হইয়াছে') অঞ্ঞো আগচ্ছতু ("অন্য এক মৎস্য আসুক") ইতি (এই বলিয়া) এতেন উপায়েন (এই উপায়ে) একং একং গহেত্বা (এক একটীকে ধরিয়া লইয়া) সব্বমচ্ছে খাদিত্বা (সমস্ত মৎস্যকে খাইয়া) পুন আগতো (পুনরায় আগত হইয়া) এক মচ্ছম্পি নাদ্দস (একটী মৎস্যকেও দেখিতে পাইল না); এত্থ একো পন কক্কটকো অবসিট্ঠো (এখানে একমাত্র কর্কট অবশিষ্ট ছিল)। বকো তং পি খাদিতুকামো হুত্বা (বক তাহাকেও খাইতে ইচ্ছুক হইয়া) 'আহ' (বলিল):—"ভো কক্কটক (হে কর্কট!) ময়া (আমাকর্ত্তৃক) তে সব্বে মচ্ছে নেত্বা (সেই সমস্ত মৎস্য নীত হইয়া) পদুমসংছন্নে মহাসরে বিস্সজ্জিতা (পদ্মসম্পন্ন বৃহৎ সরোবরে বিসর্জ্জিত বা নিক্ষিপ্ত 'হইয়াছে') এহি, তম্পি নেস্সামি (এস, তোমাকেও নিয়া যাইব) ইতি।

(কর্কট)—"মং গহেত্বা গচ্ছন্তো (আমাকে লইয়া যাইতে) ত্বং কথং গণ্হিস্সসি (কি প্রকারে ধরিবে]) ইতি। (বক)—"ডংসিত্বা গণ্হিত্বা গমিস্সামি" (দংশন করিয়া [কামড়াইয়া] ধরিয়া লইয়া যাইব", ইতি। "ত্বং এবং গহেত্বা গচ্ছন্তো (তুমি এই প্রকার ধরিয়া লইয়া যাইতে যাইতে) মং পাতেস্সসি (আমাকে ফেলিয়া দিবে), অহং তয়া সদ্ধিং ন গমিস্সামি" (আমি তোমার সহিত যাইব না") ইতি। "মা ভায়ি (ভয় করিও না"), অহং তং সুগহিতং গহেত্বা গমিস্সামি (আমি তোমাকে সুদৃঢ়রূপে [সুগৃহীতরূপে] ধরিয়া লইয়া যাইব") ইতি। কক্কটকো চিন্তেসি (কর্কট চিন্তা করিতে লাগিল):—"ইমস্স (ইহার, এই বকের) (১) মচ্ছে নেত্বা (মাছগুলিকে নিয়া) সরে বিস্সজ্জনং নাম নত্থি (সরোবরে বিসর্জ্জন কখনও নয়) সচে পন মং সরে বিস্সজ্জেস্সতি যদি আমাকে সরোবরে বিসর্জ্জন করে) ইতি এতং কুসলং ('তবে' ইহা কুশল, মঙ্গল) নো চে বিস্সজ্জেস্সতি (যদি বিসর্জ্জন না করে) অস্স গীবং ছিন্দিত্বা (ইহার গ্রীবা ছেদন করিয়া) জীবিতং হরিস্সামি" (জীবন হরণ করিব") ইতি অথ নং এবং আহ (এই 'চিন্তা করিয়া' অনন্তর তাহাকে এই প্রকার বলিল):—"সম্ম বক (হে সৌম্য বক!) খো ত্বং সুগহিতং গহেতুং ন সক্খিস্সসি (তুমি সুদৃঢ়রূপে ধরিতে সমর্থ হইবে না) অম্হাকং পন গহনং সুগহনং (আমাদের ধারণই সুদৃঢ় ধারণ), সচে অহং (যদি আমি) অলেহেন (হস্তদ্বারা) তব গীবং গহেতুং লভিস্সামি (তোমার গ্রীবা ধরিতে পারি) তব গীবং সুগহিতং কত্বা (তোমার গ্রীবা সুদৃঢ় ধারণ করিয়া) তয়া সদ্ধিং গমিস্সামি' (তোমার সহিত যাইব") ইতি। "এস মং বঞ্চেতুকামো" (এই কর্কট আমাকে বঞ্চিতকরণেচ্ছু") ইতি (এই উদ্দেশ্য) তং (তাহাকে, কর্কটকে) অজানন্তো (না জানিয়া) (২) "সাধু ইতি" (আচ্ছা বেশ, ভাল 'বলিয়া') সংপটিচ্ছি (সম্মত হইল) কক্কটকো অত্তনো অলেহি (কর্কট আপনার হস্তদ্বয় দ্বারা) কম্মারসণ্ডাসেনবিয় (কর্ম্মকারের সণ্ডাসের ন্যায়—কামারের সাঁড়াসীর ন্যায়) (৩) তস্স গীবং (তাহার গ্রীবা) সুগহিতং কত্বা (সুদৃঢ় ধারণ করিয়া)

---

(১) 'ইমস্স'—এই পদের সহিত "বিস্সজ্জনং" এই পদের সহিত সম্বন্ধ। (২) "অজানন্তো" ইহার কর্ম্ম 'তং' এবং "এস মং বঞ্চেতুকামো"। (৩) ইহার প্রকৃত অর্থ 'কর্ম্মকারের সাঁড়াসী দ্বারা ধরার ন্যায়'।

"ইদানি গচ্ছ" ইতি আহ ("এখন যাও" এই বলিল)। সো তং নেত্বা (সে (তাহাকে নিয়া) সরং দস্সেত্বা (সরোবর দেখাইয়া) বরণরুক্খাভিমুখো পয়াসি (বরণবৃক্ষাভিমুখে প্রস্থান করিল)। কক্কটকো আহ (কর্কট বলিল) "মাতুল! (হে মাতুল!) অয়ং সরো এত্তো (এই সরোবর এখানে) ত্বং পন ইতো নেসি" তুমি আমাকে এখান হইতে অন্য দিকে নিয়া যাইতেছ") ইতি।

বকো আহ (১) (বক বলিল):—"অহং মঞ্ঞে (আমি মনে করিতেছি, আমার বোধ হইতেছে):—'ত্বং (তুমি—বক) মে পিয়মাতুলকো অতিভগিনী পুত্তো'সি (আমার—[কর্কটের] প্রিয় মাতুল. প্রিয় ভগিনীপুত্র হও') ইতি বত্বা (এই বলিয়া) ত্বং (তুমি—কর্কট) মঞ্ঞাং (সংজ্ঞা, জ্ঞান) করোসি (করিতেছ যে;):—'মং উক্খিপিত্বা বিচরন্তো এস বকো মম্হং দাসো' ('আমাকে—[কর্কটকে,] ঊর্দ্ধে উড়াইয়া বিচরণকারী এই বক আমার দাস') ইতি। অর্থাৎ আমার বোধ হইতেছে. তুমি আমাকে "প্রিয় ভাগিনেয়" ইত্যাদি মিষ্ট কথা বলিয়া তুমি আমাকে তোমার দাস মনে করিতেছ। বরণরুক্খমূলে এতং কণ্টকরাসিং পস্স (বরণবৃক্ষমূলে ঐ কণ্টকরাশি দেখ)। যথা (যেই প্রকারে) মে (আমার বা আমাকর্ত্তৃক) সব্ব মচ্ছা খাদিতা (সমস্ত মৎস্য ভক্ষিত হইয়াছে) তথা (সেই প্রকারে) তং পি খাদিস্সামি (তোমাকেও খাইব)। কক্কটকো (৩) (কর্কট) "তে মচ্ছা অত্তনো বালতায় (সেই মৎস্যেরা আপনার [নিজের] মূর্খতা বশতঃই) তয়া খাদিতা (তোমাকর্ত্তৃক খাদিত হইয়াছে), অহং পন (আমি কিন্তু) তে (তোমাকে) মং খাদিতুং ন দস্সামি (আমাকে খাইতে দিব না।) তং চ এব পন (বরঞ্চ তোমাকেই) বিনাসং পাপেস্সামি (বিনাশ পাওয়াইব, বিনাশ করিব)। ত্বং হি বালতয়া (তুমিই মূর্খতাবশতঃ) ময়া বঞ্চিতভাবং (আমাকর্ত্তৃক বঞ্চিতভাব অর্থাৎ আমাদ্বারা যে বঞ্চিত হইবে এই ভাব) ন জানাসি (জান নাই); মরন্তা উভো অপি মরিস্সাম (মরিত উভয়েই মরিব) এস তে সীসং ছিন্দিস্স

---

(১) "আহ" ক্রিয়ার কর্ত্তা "বকো"। "মঞ্ঞে" ক্রিয়ার কর্ম্ম "ত্বং প্রিয়মাতুলকো...... মম্হং দাসো" এই সমস্ত পরবর্ত্তী বাক্য। (২) "ত্বং" এই কর্ত্তার ক্রিয়া 'মঞ্ঞাং করোসি'। 'করোসি' ক্রিয়ার কর্ম্ম—"মং উক্খিপিত্বা...দাসো' এই বাক্য। (৩) ইহার ক্রিয়া "বত্বা" এবং "নীস্সিলেত্বসি"।

ভুমিয়ং খিপিস্‌সামি (এই তোমার শিরচ্ছেদন করিয়া ভূমিতে নিক্ষপ করিব") ইতি বত্বা (এই বলিয়া) সণ্ডাসেন হি (ষাঁড়াশীর স্থায়—ষাঁড়াশীর দ্বারা নিষ্পীড়নের স্থায়) অলহেহি (হস্তদ্বয় দ্বারা) তস্‌স গীবং (তাহার গ্রীবা) নীপ্পি-লেহসি (নিষ্পীড়ন করিল)। সো (সেই বক) বত্তকত্তেন মুখেন (গোলাকার মুখে, চক্রাকার মুখে) অক্‌খিহি অস্‌সুনা পগ্‌ঘারস্তেন (চক্ষুদ্বয় হইতে অশ্রুজল দ্বারা প্রবাহ "সৃষ্টি" করাইতে করাইতে) মরণভয়তজ্জিতো 'হুত্বা' (মরণভয়ত্রাসিত বা মরণভয়ভীত হইয়া) আহ (বলিল):—"সামি! অহং তং ন খাদিস্‌সামি (প্রভো! আমি আপনাকে খাইব না) মে জীবিতং দেহি" (আমার জীবন দাও)"। "যদি এবং ওতরিত্বা (যদি এই ভাবেই অবতরণ করিয়া) সরস্মিং মং বিস্‌সজ্জেহি (সরসীতে আমাকে ছাড়িয়া দাও) (তবে প্রাণ দিব এই অর্থ)। সো (সেই বক) নিবত্তিত্বা (নিবর্ত্তন বা প্রত্যাবর্ত্তন করিয়া) সরং এব ওতরিত্বা (সরোবরেই অবতরণ করিয়া) কক্কটকং সরপরিয়ন্তে (কর্কটকে সরোবর প্রান্তে) পঙ্কপিট্‌ঠে ট্‌ঠাপেসি (পঙ্কপৃষ্ঠে, কর্দ্দমের উপর স্থাপন করিল)। কক্কটকো (কর্কট) কত্তরিকায় (কর্ত্তরিকা বা কাটারি দ্বারা) কুমুদনালং কপ্পেন্তে বিয় (কুমুদনাল ছেদনের স্থায়—ছেদন করিতেছে এমন ভাবে) তস্‌স গীবং কপ্পেত্বা উদকং পবিসি (তাহার গ্রীবা ছেদন করিয়া জলে প্রবেশ করিল)। তং অচ্ছরিয়ং দিস্বা (সেই আশ্চর্য্য ব্যাপার দেখিয়া), বরণরুক্খে অধিবত্থদেবতা (বরণ বৃক্ষে অধিষ্ঠিত দেবতা) সাধুকারং দদমানো (সাধুবাদ দিতে দিতে, প্রশংসাবাদপ্রদানপর হইয়া), বনং উন্নদয়মানো (বন-দেশ উন্নাদিত বা ধ্বনিত করিতে করিতে) মধুরস্‌সরেন ইমং গাথং আহং— (মধুরস্বরে এই গাথা বলিল):—

সান্বয়ার্থঃ—"অচ্চন্ত (অত্যন্ত) নিকতিপঞ্‌ঞো (নীচ বা কুটিলবুদ্ধি) 'পুগ্‌গলো' ইতি (পুরুষ) নিকত্যা (কুটিলতা দ্বারা) সুখং ন এধতি (সুখ পায় না) (১) নিকতি পঞ্‌ঞো বকো (কুটিলবুদ্ধি বক) কক্কটকামিব (কর্কট হইতে যেমন পাইয়াছিল)

---

(১) "ন অচ্চন্তং সুখং এধতি" এইরূপ অন্বয়ও হইতে পারে, তখন ইহার অর্থ "অত্যন্ত সুখ পায় না" এইরূপ হইবে।

বুদ্ধঘোষের টীকা—তথ "নাচ্চন্তনিকতিপ্পঞ্ঞো নিকত্যাসুখমেধতী"তি। নিকতি বুচ্চতি বঞ্চনা নিকতিপ্পঞ্ঞো বঞ্চনপঞ্ঞো পুগ্গলো তায় নিকত্যানি কতিয়া বঞ্চনায়, ন অচ্চন্তং "সুখমেধতী"তি নিচ্চকালে সুখস্মিঞ্ঞেব পতিট্‌ঠাতুং ন সক্কোতি একংসেন পন বিনাসং পাপুণাতি যেবা'তি অথ। "আরাধেতী"তি পটিলভতি। "নিকতিপ্পঞ্ঞো"তি কেরাটিকভাবা-সিক্‌খিতপ্পঞ্ঞো পাপপুগ্গলো অত্তনা কতস্‌স পাপস্‌স ফলং পটিলভতি বিন্দতী'তি অথো। কথং? "বকো কক্কটামিব" যথা বকো কক্কটকা গীবচ্ছেদনং পাপুণাতি, এবং পাপপুগ্গলো অত্তনা কতপাপতো দিট্‌ঠধম্মে বা সম্পরায়ং বা ভয়ং আরাধেতি পটিলভতী'তি। ইমমত্থং পকাসেন্তো মহাসত্তো বনং উন্নাদেন্তো ধম্মং দেসেসি।

তদা সো বকো জেতবনবাসী চীবরবড্‌ঢকো অহোসি, কক্কটকা গামবাসী চীবরবট্‌ডকো অহোসি। রুক্‌খদেবতা পন বোধিসত্তো অহোসি।

নিগ্রোধমিগজাতকং-নিগ্রোধমৃগজাতক। (১)

সান্বয়ার্থ—অতীতে বারাণসিয়ং...কারেন্তে (অতীত কালে, যখন ব্রহ্মদত্ত রাজত্ব করিতেছিলেন, সেই অতীত কালে) বোধিসত্তো মিগয়োনিয়ং (বোধিসত্ত্ব মৃগযোনিতে, মৃগজন্মে) পটিসন্ধিং গণ্‌হি (জন্ম, [গর্ভ প্রবেশ] পুনর্জন্ম গ্রহণ করিয়াছিলেন)। সো (সেই মৃগ) মাতুকুচ্ছিতো (মাতৃকুক্ষি হইতে, মাতার উদর হইতে) নিক্‌খন্তো (নিক্রান্ত 'হইতেই') সুবণ্ণবণ্ণো অহোসি (স্বর্ণবর্ণ হইয়াছিল)। অস্‌স অক্‌খীনি চ (ইহার অক্ষিদ্বয়ও) মণিগুলসদিসানি অহেসুং (মণিগোলক [মণির গোলা] সদৃশ ছিল)। সিঙ্গানি রজত-

(১) নিগ্রোধ=বটবৃক্ষ, নিগ্রোধ বনে বাস করিত বলিয়াই বোধ হয় নিগ্রোধমৃগরাজ নাম হইয়াছিল। শাখামৃগ=বানর। কিন্তু এস্থলে "শাখামৃগ" নামক মৃগকেই বুঝাইয়াছে।

বণ্ণানি (শৃঙ্গদ্বয় রজত বা রৌপ্যবর্ণ), মুখং রত্তকম্বলপুঞ্জবণ্ণং (মুখ রক্তকম্বল পুষ্পপুঞ্জ বা পুষ্পগুচ্ছবর্ণ,) হত্থপাদপরিয়ন্তা (হস্তপদাদির প্রান্তভাগ অর্থাৎ খুরাদি) লাখাপরিকম্মকতাবিয় (লাক্ষার পরিষ্কৃত কর্ম্ম বা কারুকর্ম্ম সদৃশ), বালধি চমরস্‌সেবিয় (লাঙ্গুল চমরীপুচ্ছের ন্যায়) অহোসি (ছিল)। সরীরং পন অস্‌স (ইহার শরীরও) অস্‌সপোতপ্পমাণং অহোসি (অশ্বশাবক প্রমাণ ছিল)। সো (সে, সেই মৃগ) পঞ্চসতমিগপরিবার (পঞ্চশত মৃগপরিবৃত বা পঞ্চশত মৃগ পরিবার-যুক্ত হইয়া) অরঞ্ঞে বাসং কপ্পেসি (অরণ্যে বাস করিত)। নামেন নিগ্রোধমিগরাজা নাম 'অহোসি' (নামে নিগ্রোধ মৃগরাজ ছিল।) অস্‌স পন অবিদূরে (ইহার—নিগ্রোধমৃগের অনতিদূরে) অঞ্ঞো অপি পঞ্চসতমিগপরিবার (অন্য এক পঞ্চশত মৃগ পরিবৃত) সাখমিগ নাম বসতি (শাখামৃগ নামে মৃগ বাস করিত)। সো অপি (সেও) সুবণ্ণবণ্ণো ব অহোসি (সুবর্ণবর্ণ ছিল)। তেন সময়েন (সেই সময়ে) বারাণসী রাজা মিগবধপ্পসুতো হোতি (বারাণসী-রাজ মৃগবধাসক্ত হন)। মংসেন বিনা ন ভুঞ্জতি (মাংস বিনা ভোজন করিতেন না।) মনুস্‌সানং কম্মচ্ছেদং কত্বা (মনুষ্যদিগের, প্রজাগণের কর্ম্মনাশ করিয়া) সব্বে নেগমজানপদে (সমস্ত নগর গ্রামবাসীদিগকে) সন্নিপাতেত্বা (সঙ্গে লইয়া, নিকটস্থ করিয়া) দেবসিক (দৈনন্দিন, প্রত্যহ) মিগবং গচ্ছতি (মৃগয়ায় যাইতেন)। মনুস্‌সা চিন্তেসুং (মনুষ্যেরা চিন্তা করিল):—"অয়ং রাজা অম্হাকং কম্মচ্ছেদং করোতি ("এই রাজা আমাদের কার্য্য নষ্ট করিতেছেন")। যন্নুনা (তজ্জন্য)ময়ং (আমরা) উয্যানে (উদ্যানে) মিগানং নিবাপং বাপিত্বা (মৃগগণের খাদ্যাদি—শস্যতৃণাদি—বপন করিয়া) পানীয়ং সম্পাদেত্বা (পানীয় জলাদির সম্পাদন বা বন্দোবস্ত করাইয়া) বহু মিগে উয্যানে পবেসেত্বা (বহুমৃগ উদ্যানে প্রবেশ করাইয়া) দ্বারং বন্ধিত্বা (দ্বার বন্ধ করত) রঞ্ঞো (রাজাকে) নিয্যাদেস্‌সাম" (সমর্পণ করিব) ইতি। তে সব্বে উয্যানে মিগানং নিবাপং তিণং রোপেত্বা (তাহারা সকলে উদ্যানে মৃগদিগের 'জন্য' খাদ্য তৃণ প্রভৃতি রোপণ করাইয়া) উদকং সম্পাদেত্বা (জল সম্পাদন করাইয়া) দ্বারং যোজেত্বা (দ্বার যোজন করিয়া) নাগরে আদায় (নাগরিক বা নগরবাসীদিগকে লইয়া) মুগ্‌গরাদিনানাবুধহত্থা (মুদ্গরাদি নানা অস্ত্রহস্ত হইয়া) অরঞ্ঞং পবিসিত্বা (অরণ্যে প্রবেশ করিয়া) মিগে পরিয়েসমানো (মৃগান্বেষণে তৎপর হইয়া)

"মজ্ঝে ঠিতে মিগে (মধ্যস্থিত মৃগদিগকে) গণিহস্সাম" (আক্রমণ করিব") ইতি (এই মনে করিয়া) যোজনমত্তং ঠানং পরিক্খিপিত্বা (যোজন মাত্র বা যোজন পরিমাণ স্থান পরিবেষ্টন করিয়া) সঙ্খিপমানো (সংক্ষিপ্ত বা সংকীর্ণ করিতে করিতে) নিগ্রোধমিগসাখমিগানং বসনট্ঠানং (নিগ্রোধমৃগশাখামৃগের বাসস্থানকে) মজ্ঝে কত্বা পরিক্খিপিংসু (মধ্যে করিয়া বেষ্টন করিল)। অথ নং মিগগণং দিস্বা (তৎপর সেই মৃগগণকে দেখিয়া) রুক্খগুম্বাদয়ো (বৃক্ষগুল্মাদি—বৃক্ষ, ক্ষুদ্র ঝোপ ইত্যাদি) চ ভূমিঞ্চ (এবং ভূমিও) মুগ্গরেহি পহরন্তা (মুদ্গরের দ্বারা আঘাত করিতে করিতে) মিগগণং (মৃগগণকে) গহনট্ঠানতো (গহনস্থান বা নিভৃতস্থান হইতে) নীহরিত্বা (বাহির করিয়া) অসিসত্তিধনুআদিনিআবুধানি উগ্গিরিত্বা (অসি শক্তি-ধনু-আদি-অস্ত্রসমূহ উদগীরণ বা ঊর্দ্ধে নিক্ষেপ করিয়া) মহানাদং নাদন্তো (মহাশব্দ করিতে করিতে নং মিগগণং (সেই মৃগগণকে) উয্যানং পবিসিত্বা (উদ্যানে প্রবেশ করাইয়া) দ্বারং পিধায় (দ্বার বন্ধ করিয়া) রাজানং উপসঙ্কমিত্বা (রাজার নিকটে গিয়া) "দেব (হে দেব!) নিবদ্ধং (প্রত্যহ) সর্ব্বদা (মিগবং গচ্ছন্তা) মৃগপ্রায় গমনকারী, গমন করিতে করিতে) অম্হাকং (১) (আমাদিগকে) কম্মং নাসেথ (কর্ম্মনাশ করাইতেছেন)। অম্হেহি (আমাদিগকর্ত্তৃক) অরঞ্ঞতো (অরণ্য হইতে) মিগে আনেত্বা (মৃগগণ আনীত হইয়া) তুম্হাকং উয্যানং পূরিতং (আপনার উদ্যান পূরিত বা পূর্ণ করা 'হইয়াছে')। ইতো পট্ঠায় (এই সময় হইতে আরম্ভ করিয়া) তেসং মংসানি খাদথ (তাহাদের মাংস খান)। ইতি রাজানং আপুচ্ছিত্বা (এই বলিয়া রাজাকে বিদায় দিয়া, জিজ্ঞাসা করিয়া) পক্কমিংসু (প্রস্থান করিল, নির্গত হইল)। রাজা তেসং বচনং সুত্বা (রাজা তাহাদের কথা শুনিয়া) উয্যানং গন্ত্বা মিগে ওলোকেন্তো (উদ্যানে গিয়া মৃগগণকে অবলোকন করিতে করিতে) দ্বে সুবণ্ণমিগে দিস্বা (দুই স্বর্ণ মৃগ দেখিয়া) তেসং অভয়ং অদাসি (তাহাদিগকে অভয় দিলেন)। ততো পট্ঠায় (সেই দিন হইতে) পন কদাচি (কখনও) সামং গন্ত্বা (স্বয়ং যাইয়া) একমিগং বিজ্ঝিত্বা (একটি মৃগ বিদ্ধ করিয়া) আনেতি (আনিতেন)। কদাচি অস্স ভত্ত-

---

(১) এখানে ষষ্ঠী বিভক্তি নহে, তাহা হইলে ইহার বিশেষণ "গচ্ছন্তানং" হইত। "নাসেথ" পদ শিজন্ত বা হেতুকর্তৃ পদমালার ব্যবহৃত হইয়াছে, সেইজন্য "অম্হাকং" পদে ২য়া।

কারকো গন্ত্বা (কথনও কথনও ইহার পাচক যাইয়া) বিজ্ঝিত্বা আহরতি (বিদ্ধ করিয়া আহরণ করিত, লইয়া আসিত) মিগা ধনুং দিস্বাব (মৃগেরা ধনু দেখিয়াই) মরণভয়েন তজ্জিতা (মৃত্যুভয়ে ভীত হইয়া) পলায়ন্তি (পলায়ন করিত)। দ্বে তয়ে পহারে লভিত্বা (দুই তিন বা প্রহার লাভ করিয়া) কিলমন্তি'পি (ক্লেশ পাইত) গিলানা'পি (পীড়িতও) হোন্তি (হইত)। মরণম্পি পাপুণন্তি (এবং মৃত্যুও পাইত)। মিগগণে (মৃগগণ) তং পবত্তিং (এই সংবাদ) বোধিসত্তস্স আরোচেসি (বোধিসত্ত্বের নিকট বলিল)। সো (বোধিসত্ত্ব) সাখং পক্কোসাপেত্বা আহ (শাখামৃগকে নিকটে আহ্বান করিয়া বলিল):—"সম্ম বহু মিগা নস্সন্তি (সৌম্য। বহু মৃগ নষ্ট হইতেছে)। একংসেন (একান্তই, নিশ্চয়ই) মরিতব্বে সতি (মরিতে হইলে) ইতো পট্ঠায় (আজ হইতে) মা কণ্ডেন মিগে বিজ্ঝন্তু (তীর বা বাণদ্বারা মৃগগণকে বিদ্ধ করা না হউক)। ধম্মগণ্ডিকট্ঠানে (যুপকাষ্ঠে, বধীকাঠে) মিগানাং বার হোতু (মৃগদিগের বার বা পালা হউক")। একদিবসং মম পরিসায় (একদিন আমার পারিষদ বা অনুচরবর্গের) বারো পাপুণাতু (পালা হউক)। একদিবসং তব পরিসায় বারো পাপুণাতু (আর একদিন তোমার অনুচরবর্গ হইতে পালা হউক)। বারপ্পত্তো (পালা প্রাপ্ত) মিগো গন্ত্বা ধম্মগণ্ডিকায় (মৃগ গিয়া যুপকাষ্ঠে) গীবং ঠপেত্বা নিপজ্জতু (শির রাখিয়া পড়িয়া থাকুক)। এবং সন্তে (এইরূপ হইলে) মিগাবণিতা ন ভবিস্সন্তি (মৃগগণ আহত বা ক্ষতবিক্ষত অর্থাৎ মৃগধ্বংশ হইবে না")। ইতি সো (এই বলিলে সেই বোধিসত্ত্ব) "সাধু" ইতি সম্পটিচ্ছি ("বেশ ভাল" বলিয়া সম্মত হইলেন)। ততো পট্ঠায় বারপ্পত্তোব মিগো গন্ত্বা (সেই দিন হইতে আরম্ভ করিয়া বারপ্রাপ্ত মৃগই গিয়া) ধম্মগণ্ডিকায় গীবং ঠপেত্বা নিপজ্জতি (যুপকাষ্ঠে গ্রীবা স্থাপন করিয়া পড়িয়া থাকিত)। ভত্তকারকো আগন্ত্বা (পাচক আসিয়া) তত্থ নিপন্নকং এব গহেত্বা গচ্ছতি (তথায় নিপতিত [মৃগকেই] ধরিয়া লইয়া যাইত)। অথ একদিবসং (অনন্তর এক দিবস) সাখমিগস্স পরিসায় একিস্সা গব্ভিনী মিগিয়া বারো পাপুণি (শাখামৃগের পালের এক গর্ভিণী মৃগীর পালা হইল)। সা সাখং উপসঙ্কমিত্বা (সেই মৃগী শাখামৃগের সমীপবর্ত্তিণী হইয়া) আহ (বলিল):—"সামি! অহম্পি গব্ভিনী (প্রভো! আমি গর্ভিণী,) পুত্তকং বিজাযিত্বা (পুত্র [শাবক] প্রসব করিয়া)

দ্বে জনা বারং গমিস্সামি (দুই জনেই পালায় যাইব) ময়হং বারং অতিক্কমেহি (আমার বার অতিক্রম বা পরিবর্ত্তন করুন") ইতি। সো আহ (সেই শাখামৃগ বলিল):—"তব বারং অঞ্ঞেসং পাপেতুং ন সক্কা (তোমার পালা অন্যকে পাওয়াইতে সমর্থ নই) ত্বং এব তুয়্হং পত্তং জানিস্সসি (তুমিই তোমার পালা কখন জানিবে) গচ্ছাহি" (যাও)। সা তস্স সন্তিকা অনুগ্গহং অলভমানা বোধিসত্তং উপসঙ্কমিত্বা (সেই মৃগী তাহার সমীপে অনুগ্রহ লাভ না করিয়া [অলভমানা হইয়া] বোধিসত্ত্বের নিকটে গিয়া) তং অত্থং (সেই অর্থ বা ঘটনা) অথবা 'তং' তাহাকে বোধিসত্ত্বকে ['অত্থং'] অর্থ বা বিষয়) আরোচেসি (নিবেদন বা বর্ণনা করিল)। সো (বোধিসত্ত্ব) তস্সা (সেই মৃগীর) বচনং সুত্বা (কথা শুনিয়া) "হোতু (ভাল, তাই হউক) ত্বং গচ্ছ (তুমি যাও) অহং তে বারং অতিক্কমিস্সামি" (আমি তোমার বার অতিক্রম করিয়া দিব") ইতি (এই বলিয়া) সয়ং গন্ত্বা ধম্মগণ্ডিকায় সীসং কত্বা নিপজ্জি (স্বয়ং গিয়া যুপকাষ্ঠে শির রাখিয়া পতিত রহিল)। ভত্তকারকো তং দিস্বা (পাচক তাকে বা তাহাকে দেখিয়া) লদ্ধাভয় মিগরাজা (অভয়লব্ধ মৃগরাজ) গণ্ডিকায় নিপন্নো (যুপকাষ্ঠে নিপতিত 'রহিয়াছে') কিং নু খো কারণং ('ইহার' কারণ কি?") ইতি বেগেন গন্ত্বা রঞ্ঞো আরোচেসি (এই ভাবিয়া বেগে গিয়া রাজাকে বলিল)। রাজা তাবং এব (রাজা তৎক্ষণাৎই) রথং আরুয়্হ (রথে আরোহণ করিয়া) মহন্তেন পরিবারেন আগন্ত্বা (বহু পরিজনবর্গের সহিত আসিয়া) বোধিসত্তং দিস্বা আহ (বোধিসত্ত্বকে দেখিয়া বলিলেন):—"সম্ম মিগরাজ (হে সৌম্য মৃগরাজ!) ময়া তুয়্হং অভয়ং দিন্নং নাম্‌? (আমা কর্ত্তৃক তোমাকে বা তোমার অভয় দত্ত হইয়াছে নয় কি?) কস্মা ত্বং (কি হেতু তুমি) ইধ নিপন্নো (এখানে নিপতিত আছ?") ইতি। "মহারাজা গব্ভিনী মিগী আগন্ত্বা (মহারাজ! গর্ভিণী মৃগী আসিয়া) 'মম বারং অঞ্ঞেসু পাপেহি' ইতি আহ ('আমার বার অপরকে দেওয়ান' এই কথা বলিল)। খো পন (পদপূরণে, অর্থ কিছুতেই বা কোথাও) ময়া একস্স মরণ দুক্খং (আমাকর্ত্তৃক একের মরণদুঃখ) অঞ্ঞেসস্স উপরি পক্খিপিতুং (অন্যের উপরে নিক্ষিপ্ত করাইতে) ন সক্কা (অসমর্থ হইয়াছি) "অহং, ইতি আথো। সো অহং (সেই আমি, স্বয়ং)

অত্তনো জীবিতং (আপনার জীবন) তস্সা দত্বা (তাহাকে [মৃগীকে] দিয়া) তস্সা সন্তকং (তাহার অধিকৃত বা তাহার সম্পর্কীয়) মরণং গহেত্বা ইধ নিপন্নো (মরণ গ্রহণ করিয়া এখানে নিপতিত রহিয়াছি) মহারাজা অঞ্ঞং কিঞ্চি মা আসঙ্কিথ (অন্য কিছু আশঙ্কা করিবেন না মহারাজ!) ইতি। রাজা আহ (রাজা বলিলেন):—"সামি সুবণ্ণবণ্ণ মিগরাজ (প্রভো সুবর্ণবর্ণ মৃগরাজ)! ময়া (আমাকর্ত্তৃক) তাদিসো খন্তিমেত্তানুদ্দয়সম্পন্ন (আপনার সদৃশ বা এতাদৃশ ক্ষান্তি [ক্ষমা] মৈত্রী দয়াসম্পন্ন), মনুস্সেসু অপি (মনুষ্য-দিগেতেও) ন দিট্ঠপুব্বো (দৃষ্টপূর্ব্ব হয় নাই অর্থাৎ অদৃষ্টপূর্ব্ব) তেন (সেই হেতু, তজ্জন্য) তে পসন্নোস্মি (আপনার প্রতি প্রসন্ন হইলাম) উট্ঠেহি (উঠ) তুয়্হঞ্চ তস্সা চ অভয়ং দম্মি (তোমারও এবং তাহারও [মৃগীরও] অভয় দিলাম) ইতি। "দ্বীহি অভয়ে লদ্ধে (এই দুইজন কর্ত্তৃক অভয় লব্ধ হইলে) অবসেসা কি করিস্সন্তি নরিন্দ" (নরেন্দ্র! অপরেরা [অবশিষ্টেরা] কি করিবে?)। "সামি অবসেসানং পি অভয়ং দম্মি" (প্রভো! অবশিষ্ট সকলকেও অভয় দিলাম")। "মহারাজা এবং পি (মহারাজ এইরূপ হইলেও) উয্যানে এব মিগা অভয়ং লভিস্সন্তি (উদ্যানেই [উদ্যানস্থ মৃগই] মৃগগণ অভয় লাভ করিবে') সেসা কিং করিস্সন্তি (শেষ অর্থাৎ আর অবশিষ্ট মৃগেরা কি করিবে?") এতেসং পি অভয় দম্মি সামি" ("ইহাদেরও অভয় দিলাম, প্রভো!" "মহারাজা! মিগা তাব অভয়ং লভন্তু (মহারাজ! মৃগসকল [তাবৎ মৃগ] অভয় লাভ করুক), সেসা চতুপ্পাদা কিং করিস্সন্তি" (অবশিষ্ট চতুষ্পদেরা কি করিবে?")। "সামি এতেসং পি অভয়ং দম্মি" (প্রভো! ইত্যাদি)। "মহা-রাজা চতুপ্পাদা তাব অভয়ং লভন্তু (মহারাজ! সমস্ত চতুষ্পদও অভয় লাভ করুক।) দ্বিজগণ (১) কিং করিস্সন্তি (পক্ষীগণ কি করিবে?) "তেসং পি অভয়ং দম্মি সামি (প্রভো! ইত্যাদি)। "মহারাজ! দ্বিজগণ তাব অভয়ং লভিস্সন্তি (মহারাজ! তাবৎ পক্ষী অভয় লাভ করিবে) উদকে বসন্তা মচ্ছা কিং করিস্সন্তি (জলে বাসকারী মৎস্যেরা কি করিবে?) "এতেসং পি অভয়ং

---

(১) একবার ডিম্বে জন্মিয়া পুনঃ ডিম্ব হইতে বাহির হয় বলিয়া দ্বিজ পক্ষীকে বুঝায়। যথা:—"দন্তাবিপ্রাণ্ডজাদ্বিজাঃ" ইত্যমরঃ দন্ত, ব্রাহ্মণ, অণ্ডজ ইহারা দ্বিজ।

দস্মি সামি" (ইহাদেরও ইত্যাদি) এবং (এইরূপে) মহাসত্তো (মহাসত্ত্ব, বোধিসত্ত্ব) রাজানং (রাজাকে বা রাজার নিকটে) সব্বসত্তানং অভয়ং যাচিত্বা (সর্ব্বপ্রাণীর অভয় যাচ্ঞা করিয়া) উট্‌ঠায় রাজানং পঞ্চসু সীলেসু পতিট্‌ঠাপেত্বা (উঠিয়া রাজাকে পঞ্চশীলে প্রতিষ্ঠাপিত করিয়া) "মহারাজা ধম্মং চর ("মহারাজ ধর্ম্মাচরণ করুন") মাতাপিতুসু পুত্তধিতাসু (মাতা পিতা, পুত্র দুহিতাদিগের প্রতি) ব্রাহ্মণ গহপতিকেসু (ব্রাহ্মণ গৃহপতিদের প্রতি) নেগমজানপদেসু (নগর জনপদবাসীদিগের প্রতি) ধম্মং চরন্তো (ধর্ম্মাচরণ করিতে করিতে) সমং চরন্তো (সদ্ধর্ম্ম আচরণ করিতে করিতে) কায়স্স ভেদা পরং (কায় ত্যাগের পর, শরীরের বিচ্ছিন্নতার পর) মরণ সুগতিং সগ্‌গং লোকং গমিস্সামি (মৃত্যুরূপ সুগতি—স্বর্গলোক পাইবেন") ইতি (এই বলিয়া) রঞ্‌ঞো (রাজাকে) বুদ্ধলীল্‌হায় (১) (বুদ্ধলীলায়, অথবা বুদ্ধকৃপা প্রভাবে) ধম্মং দেসেত্বা (ধর্ম্মোপদেশ দিয়া) কতিপ অহং (কতিপয় দিবস) উয্যানে বসিত্বা রঞ্‌ঞো ওবাদং দত্বা (উদ্যানে বাস করিয়া, রাজাকে উপদেশ দিয়া) মিগগণপরিবুতো (মৃগগণে পরিবৃত হইয়া) অরঞ্‌ঞং পাবিসি (অরণ্যে প্রবেশ করিল)। সা অপি খো মিগধেনু (সেই মৃগধনু, মৃগবধূও) পুপ্‌ফকণ্ণিকসদিসং পুত্তং বিজায়ি (কর্ণিকার পুষ্পসদৃশ পুত্র [শাবক] প্রসব করিল)। সো কীলমানো (সেই শাবক ক্রীড়া করিতে করিতে, ক্রীড়াপর হইয়া,) সাখমিগস্স সন্তিকং গচ্ছতি (শাখামৃগের সন্নিকটে গেল)। অথ নং মাতা (পরে, 'তাহার' মাতা তাহাকে) তস্স সন্তিকং গচ্ছন্তং (তাহার—শাখামৃগের সমীপে যাইতেছে দেখিয়া) "পুত্ত ইতো পট্‌ঠায় এতস্স সন্তিকং মা গচ্ছ ("হে পুত্র! আজ হইতে ইহার সমীপে যাইও না) নিগ্রোধস্স এব সন্তিকং গচ্ছেয্যাসি" (নিগ্রোধ মৃগের নিকটেই যাইবে, যাওয়া উচিত) ইতি ওবদন্তী (এইরূপ উপদেশ দিতে দিতে,) ইমং গাথং আহ (এই গাথা বলিল):—

গাথার্থ:—নিগ্রোধং এব (নিগ্রোধমৃগকেই) সেবেয্য (সেবা করা উচিত) সাখং ন উপসংবসে (শাখামৃগের সংসর্গ বা সহবাস করিবে না)। নিগ্রোধস্মিং (নিগ্রোধমৃগে অর্থাৎ নিগ্রোধমৃগের নিকটে) মতং সেয্যো (মৃত্যু শ্রেয়ঃ) সাখস্মিং

---

(১) লীল্‌হা:—লীলা বা মাহাত্ম্য, অন্য অর্থ কৃপা। এখানে ওরা বা ওটী উভয় অর্থে ব্যবহৃত হইতে পারে।

(শাখামৃগের নিকটে) যং জীবিতং (যেই জীবন, প্রাণধারণ) 'তং জীবিতং' চে ইতি অত্থো (সেই জীবন অপেক্ষা এই অর্থ)।

বুদ্ধঘোষের টীকা :—তত্থ "নিগ্রোধমেব সেবেয্যা"তি তাত, ত্বং বা অঞ্ঞো বা অত্তনো হিতকামো নিগ্রোধমেব সেবেয্য, ভজেয্য, উপসঙ্কমেয্য, "ন সাখমুপসংবসে"তি সাখমিগং পন ন উপসংবসে, উপগম্ম ন সংবসেয্য, এতং নিস্সায় জীবিকং ন কপ্পেয্য, "নিগ্রোধস্মিং মতং সেয্যো"তি নিগ্রোধরঞ্ঞো পাদমূলে মরণম্পি সেয্যো, বরং, উত্তমং "যঞ্চে সাখস্মিং জীবিতন্তি" যম্পন সাখস্স সন্তিকে জীবিতং, তং নেব সেয্যো, ন বরং, ন উত্তমং, ইতি অত্থো।

ততো পট্ঠায় (সেই সময় হইতে) অভয়লদ্ধকা মিগা (অভয়লব্ধ মৃগেরা) মনুস্সানং সস্সানি খাদন্তি (মনুষ্যদিগের শস্যাদি খাইতে লাগিল)। মনুস্সা "লদ্ধাভয়া ইমে মিগা" (মনুষ্যেরা "এই সকল মৃগ অভয়লব্ধ") ইতি (এই মনে করিয়া) পহরিতুং বা পলাপেতুং বা (প্রহার করিতে কিংবা পলায়পনপর করিতে তাড়াইতে) ন বিসহন্তি (সাহস করিল না)। তে রাজঙ্গনে সন্নিপতিত্বা (তাহারা রাজার প্রাসাদ প্রাঙ্গনের বা রাজবিচারালয়ের নিকটবর্ত্তী হইয়া, একত্রিত হইয়া) রঞ্ঞো তমত্থং আরোচেসুং (রাজাকে সেই কথা বা বিষয় প্রকাশ করিয়া বলিল)। রাজা আহ (রাজা বলিলেন)—পসন্নেন মযা (প্রসন্ন, সন্তুষ্ট আমাকর্ত্তৃক) নিগ্রোধমিগবরস্স বরং দিন্ন (নিগ্রোধ মৃগবরকে বর প্রদত্ত হইয়াছে) অহং রজ্জং জহেয্যং (আমি রাজ্য ত্যাগ করিব, আমার রাজ্য ত্যাগ করা উচিত) নচ তং পটিঞ্ঞাং (কিন্তু সেই প্রতিজ্ঞাকে নয়, অর্থাৎ কিন্তু সেই প্রতিজ্ঞা ত্যাগ করিব না বা করা উচিত নয়।) গচ্ছথ (যাও) কোচি মম জীবিতে মিগে পহরিতুং ন লভতি (কেহই আমার জীবিত মৃগগণকে প্রহার করিতে পারিবে না।) নিগ্রোধমিগো তং পবত্তিং সুত্বা (নিগ্রোধমৃগ সেই সংবাদ শুনিয়া) মিগগণং সন্নিপাতাপেত্বা (মৃগগণকে নিকটস্থ বা একত্রিত করাইয়া) "ইতো পট্ঠায় (আজ হইতে) পরেসং সস্সং খাদিতুং ন লভথ (পরের শস্য খাইতে পারিবে না") ইতি (এই বলিয়া) মিগে বারেত্বা (মৃগদিগকে নিবারণ করিয়া) মনুস্সানং আরোচাপেসি (মনুষ্যগণকে বলিল, নিবেদন করিল) :— "ইতো পট্ঠায় সস্সকারক মনুস্সা সস্সরক্খণত্থং (এই সময় হইতে শস্যকারক মনুষ্যেরা শস্য রক্ষণার্থ) বতিং মা করোন্তু (বেড়া [বেরা] না করুক") খেত্তং

পত্থং আবিজ্ঝিত্বা (এবং ক্ষেত্রকে বিদারণ করিয়া, চষিয়া) পণ্ণসঞ্ঞং (পর্ণসংজ্ঞা, পত্রচিহ্ন, পত্রের সংজ্ঞা; সংজ্ঞা = চিহ্ন) বন্ধন্তু" (বাঁধুক)। ততো পট্ঠায় কির (সেই সময় হইতে কথিত আছে,) খেত্তেসু পণ্ণবন্ধন সঞ্ঞং উদপাদি (ক্ষেত্রে পত্রবন্ধন-চিহ্ন উৎপন্ন বা সৃষ্ট হইয়াছে)। ততো পট্ঠায় পণ্ণসঞ্ঞং অতিক্কমনক মিগো নাম নত্থি (সেই সময় হইতে পত্র চিহ্ন অতিক্রমকারী কোনও মৃগ 'হয়' নাই)। কির (পূর্ব্বকালে, 'এইরূপ কথিত আছে যে,') অয়ং ওবাদ (এই উপদেশ) নেসং (তাহাদের, মৃগগণকর্ত্তৃক) বোধিসত্ততো লদ্ধ (বোধিসত্ত্ব হইতে প্রাপ্ত হইয়াছে)। এবং মিগগণ ওবদিত্বা (এই প্রকার মৃগগণকে উপদেশ দিয়া) বোধিসত্তো যাবতাযুকং ঠত্বা (বোধিসত্ত্ব যাবজ্জীবন থাকিয়া) যথা-কম্মং (যথাকর্ম্ম, কার্য্যানুসারে, অর্থাৎ যখন যেখানে যে কর্ম্ম করা উচিত বা প্রয়োজন তদনুসারে) মিগেহি সদ্ধিং গতো (মৃগগণের সহিত গমন করিল।) রাজাপি বোধিসত্তস্স ওবাদে ঠত্বা (রাজাও বোধিসত্ত্বের উপদেশে স্থিত বা সুদৃঢ় থাকিয়া) পুঞ্ঞানি কত্বা (পুণ্য কর্ম্মাদি করিয়া) যথা কম্মং গত (যথাকর্ম্মে, স্বীয় কর্ম্মানুসারে গমন করিলেন।)

সীহচম্মজাতকং—সিংহচর্ম্মজাতক।

অতীতে...কারেন্তে (অতীত কালে, যখন ব্রহ্মদত্ত বারাণসীতে রাজত্ব করিতে ছিলেন তখন,) বোধিসত্তো কসককুলে নিব্বত্তিত্বা (বোধিসত্ত্ব কৃষককুলে অবতীর্ণ হইয়া) বয়প্পত্তো (বয়ঃপ্রাপ্ত হইয়া) কসিকম্মেন জীবিকং কপ্পেসি (কৃষিকর্ম্মের দ্বারা জীবিকানির্ব্বাহ করিতেন)। তস্মিংকালে একো বাণিজো (সেই সময়ে এক বণিক) গদ্রভ ভারকেন (গর্দ্দভ বাহিত ভারের দ্বারা, গাধার পিঠে বোঝা চাপাইয়া) বোহারং করোন্তো (ব্যবহার, ব্যবসায় করিতে করিতে) বিচরতি (বিচরণ করিত)। সো গতগতট্ঠানে (সেই বণিক গত গত স্থানে, যে যে স্থানে যাইত সেই সেই স্থানে) গদ্রভস্স পিট্ঠিতো ভণ্ডিকং ওতারেত্বা (গর্দ্দভের পৃষ্ঠ হইতে ভার বা বোঝা অবতরণ করাইয়া, নামাইয়া) গদ্রভং সীহচম্মেন পারুপিত্বা (গর্দ্দভকে সিংহচর্ম্মের দ্বারা পরিহিত করাইয়া) সালিযবখেত্তেসু (শালি [ধান্য]

যবক্ষেত্রে) বিস্সজ্জেতি (ছাড়িয়া দিতেন।) খেত্তরক্খকা তং দিস্বা (ক্ষেত্ররক্ষকের তাহাকে দেখিয়া) সীহো ইতি সঞ্‌ঞায় (সিংহ এই সংজ্ঞা বা জ্ঞান করিয়া) উপসংকমিতুং ন সক্কোন্তি (নিকটবর্ত্তী হইতে সমর্থ হইত না)। অথ এক দিবসং সো বাণিজো একস্মিং গামদ্বারে নিবাসং গহেত্বা (অনন্তর একদিন সেই বণিক্ এক গ্রাম দ্বারে [প্রবেশদ্বারে] বাসস্থান গ্রহণ করিয়া) পাতরাসং (পাত +আসং — প্রাতর্ভোজন) পচাপেন্তো (পাক করাইতে করাইতে) ততো (তথা হইতে) গদ্রভং সিহচম্মং পারুপিত্বা (গর্দ্দভকে সিংহচর্ম্ম পরিধান করাইয়া) যব-খেত্তং বিস্সজ্জেসি (যবক্ষেত্রে ছাড়িয়া দিলেন)। খেত্তরক্খকা সীহো ইতি সঞ্‌ঞায় (ক্ষেত্ররক্ষকেরা সিংহ এই অনুমান করিয়া) তং উপগন্তুং অসক্কোন্তা (তৎ সমীপে যাইতে অসমর্থ 'হইয়া') গেহং গন্ত্বা আরোচেসুং (গৃহে গিয়া ঘোষণা [প্রকাশ] করিল জানাইল)। সকলগামবাসিনো আবুধানি গহেত্বা (গ্রামবাসী সকল আয়ুধাদি [অস্ত্রাদি] গ্রহণ করিয়া) সংখে ধমেন্তা (শঙ্খসমূহ ধ্বনিত করিতে করিতে, বাজাইতে বাজাইতে) ভেরিয়ো বাদেন্তা (ভেরী বাদন করিতে করিতে) খেত্তসমীপং গন্ত্বা উন্নদিংসু (ক্ষেত্রসমীপে গিয়া উন্নাদ [শব্দ] করিতে লাগিল)। গদ্রভো মরণভয়ভীতো (গর্দ্দভ মরণভয়ভীত হইয়া') গদ্রভরবং রবি (গর্দ্দভশব্দ করিল)। অথ অস্স গদ্রভভাবং ঞত্বা (অনন্তর ইহার গর্দ্দভ ভাব [ইহা গর্দ্দভ হয়' ইহা] জানিয়া) বোধিসত্তো পঠমং গাথং আহ (বোধি-সত্ত্ব প্রথম গাথা বলিলেন।)

সান্বয়ার্থ :—সীহস্স ব (সিংহের বা) ব্যগ্ঘস্স ব (ব্যাঘ্রের বা) দীপিনো (দীপির বা চিতাবাঘের) এতং নদিতং ন (এই শব্দ নয়, বা এইরূপ শব্দ নয়)। সীহচম্মেন পারুতো (সিংহ চর্ম্মের দ্বারা পরিহিত) জম্মো গদ্রভো নদতি (নীচ, নির্ব্বোধ, গাধা শব্দ করিতেছে)।

গামবাসিনো' পি (গ্রামবাসীরাও) তস্স গদ্রভভাবং ঞত্বা (তাহার গর্দ্দভ ভাব [ইহা গর্দ্দভ হয়.] জানিয়া) অট্ঠীনি ভঞ্জন্তা (অস্থিসমূহ ভগ্ন করিতে করিতে, অস্থি ভগ্ন করিয়া) পোঠেত্বা (আঘাতের দ্বারা ভূমিসাৎ করিয়া) সীহচম্মং আদায় অগমংসু (সিংহচর্ম্ম খানি লইয়া চলিয়া গেল)। অথ সো বাণিজো আগন্ত্বা (অনন্তর সেই বণিক আসিয়া) তং ব্যসনপ্পত্তং গদ্রভং দিস্বা তুতিযং গাথং আহ (সেই ব্যসনপ্রাপ্ত [বিনাশপ্রাপ্ত] গর্দ্দভকে দেখিয়া দ্বিতীয় গাথা বলিলেন) ।—

শাব্দার্থঃ—সীহচম্মেন পারুত (সিংহচর্ম্মের দ্বারা পরিহিত) গদ্রভো তং হরিতং যবং (গর্দ্দভ, সেই হরিদ্বর্ণ যব) চিরং পি খো খাদেয্য (চিরকাল খাইতে পারিত)। 'সো' রবমানো 'ভুত্বা এব' দূসয্য (সে রবমান [শব্দায়মান বা শব্দ করিয়াই] হইয়াই দোষ [নষ্ট] করিয়াছে, দুঃখ পাইয়াছে)।

তস্মিং এবং বদন্তে এব (সে [বণিক] এই প্রকার বলিতে বলিতেই) গদ্রভো তথ এব মরি (গর্দ্দভ সেই স্থানেই মরিয়া গেল।) বাণিজো পি তং পহায় পক্কামি (বণিকও তাহাকে পরিত্যাগ করিয়া প্রস্থান করিলেন)।

রাধজাতকং—রাধজাতক।

অতীতে...কারেন্তে (অতীত কালে ইত্যাদি) বোধিসত্তো সুখযোনিয়ং নিব্বত্তি (বোধিসত্ত্ব শুকের গর্ভে অবতীর্ণ হইয়াছিলেন।) রাধো ইতি অস্স নামং ('রাধ' এই ইহার নাম 'ছিল',) পোট্ঠপাদো নাম অস্স কনিট্ঠভাতা পন 'অহি' (প্রোষ্টপাদ নামে ইহার এক কণিষ্ঠ ভ্রাতা ছিল।) তে উভোপি (তাহাদিগের উভয়কেই) তরুণকালে এব (তরুণ বয়সেই) এক লুদ্দকো গহেত্বা (এক লুব্ধক [ব্যাধ] ধরিয়া) বারাণসিয়ং অঞ্ঞতরস্স ব্রাহ্মণস্স অদাসি (বারাণসীর অন্যতর [কোনও এক] ব্রাহ্মণকে দিয়াছিল)। ব্রাহ্মণো তে পুত্তট্ঠানে ঠপেত্বা পটিজগ্গি (ব্রাহ্মণ তাহাদিগকে পুত্রস্থানে স্থাপিত করিয়া [পুত্রের ন্যায়] প্রতিপালন করিয়াছিলেন)। ব্রাহ্মণস্স পন ব্রাহ্মণী অরক্খিতা দুস্সীলা ভবতি (ব্রাহ্মণের ব্রাহ্মণী অরক্ষিতা [অরক্ষণীয়া, অদমনীয়া, যাহাকে শাসন করিয়া রাখিতে পারা যায় না] ও দুঃশীলা ছিল)। সো বোহারকরণত্থায় গচ্ছন্তো (সেই ব্রাহ্মণ ব্যবসায় করণার্থ [গমনোদ্যত হইয়া] যাইতে) তে সুখপোতকে আমন্তেত্বা (সেই শুকশাবকদিগকে ডাকিয়া,) "তাতা, (হে তাতগণ) অহং বোহারত্থায় গচ্ছামি (আমি ব্যবসার্থ যাইতেছি,) কালে বিকালে বা (কালে বা বিকালে, সময়াসময়ে, দিনে বা রাত্রে) তুম্হাকং মাতু করণকম্মং ওলোকেয্যাথ" (তোমাদের মাতার করণক্রিয়া [আচরণ] অবলোকন করিবে,

দেখিবে') ইতি ব্রাহ্মণিং (এই বলিয়া ব্রাহ্মণীকে) সুখপোতকে পটিচ্ছাপেত্বা (শুকপোতদ্বয়কে অর্পণ করিয়া) অগমাসি (গমন করিলেন।) সা তস্স নিক্খন্তকালতো পট্ঠায় (সেই ব্রাহ্মণী তাঁহার নিষ্ক্রমণ বা যাত্রাকাল হইতে আরম্ভ করিয়া) অনাচারং চরি (অনাচার, পাপাচরণ করিতে লাগিল), রত্তিং পি দিবাপি (রাত্রিতেও দিনেও) আগচ্ছন্তানং চ গচ্ছন্তানং চ পমাণং ন অত্থি (আগমনকারীদের ও গমনকারীদের পরিমাণ [সীমা] ছিল না)। তং দিস্বা পোট্ঠপাদো রাধং পুচ্ছি (তাহা দেখিয়া প্রোষ্টপাদ রাধকে জিজ্ঞাসা করিল:— "ব্রাহ্মণো ইমাং ব্রাহ্মণিং (ব্রাহ্মণ এই ব্রাহ্মণীকে) অম্হাকং নিয়্যাদেত্বা গত (আমাদিগকে সমর্পণ করিয়া গিয়াছেন।) অয়ঞ্চ পাপকম্মং করোতি, (এও পাপ-কর্ম্ম করিতেছে), বদামি নান্তু" '(ব্রাহ্মণীকে' বলিব কি?") রাধ আহ:—"মা বদে" (রাধ বলিল:—"বলিও না")। সো তস্স বচনং অগহেত্বা আহ (সে [রাধ] তাহার [প্রোষ্টপাদের] কথা না মানিয়া বলিল):—"অম্ম, কিং কারণা (মাতঃ! কি কারণবশতঃ) পাপকম্মং করোসি (পাপকাজ করিতেছেন?")। সা তং মারেতুকামা হুত্বা (সেই ব্রাহ্মণী তাহাকে মারিতে অভিলাষিণী হইয়া) "তাত!, ত্বং নাম ময্হং পুত্তো ("তাত! তুমি আমার পুত্র,) ইতো পট্ঠায় ন করিস্সামি ইতি (এখন হইতে আর করিব না,) এহি তাত তাব" ইতি (এস তাত! তবে এখন", এই বলিয়া) পিয়ায়মানাবিয় (স্নেহকারিনীর ন্যায়, আদর করিতেছে এমন ভাব দেখাইয়া) নং পক্কোসিত্বা (তাহাকে ডাকিয়া) আগতং তং গহেত্বা (আগত তাহাকে ধরিয়া) "ত্বং মং ওবাদসি (তুমি আমাকে উপদেশ দিতেছ!) অত্তনো পমাণং ন জানাসি" (নিজের প্রমাণ [পরিমাণ বা ক্ষমতা] জাননা") ইতি গীবং গহেত্বা মারেত্বা (এই বলিয়া ঘাড়ে ধরিয়া মারিয়া) উদ্ধনন্তরেসু (উনানের অভ্যন্তরে, চুলার ভিতর) পক্খিপি (নিক্ষেপ করিল।) ব্রাহ্মণো আগন্ত্বা বিস্সমিত্বা বোধিসত্তং (ব্রাহ্মণ আসিয়া, বিশ্রাম করিয়া বোধিসত্ত্বকে) "কিং তাত! রাধ (কি পুত্র রাধ!) বো মাতা অনাচারং করোতি বা ন করোতি" (তোমাদের মাতা অনাচার করিয়াছে কি, না করিয়াছে?") ইতি পুচ্ছন্তো পঠমং গাথং আহ:—(ইহা জিজ্ঞাসা করতঃ প্রথম গাথা বলিলেন)।

সান্বয়ার্থ:—তাত! (হে তাত!) পবাসা (প্রবাস হইতে) আগতো (আগত 'হইয়াছি') অহং ইদানি ন চিরাগতো (আমি আসিয়াছি এখনও

বিলম্ব হয় নাই, অর্থাৎ অল্পক্ষণ পূর্ব্বেই আসিয়াছি) (১)। তাত! তে মাতা অঞ্ঞং ন উপসেবতি কচ্চিং নু (হে তাত! তোমাদের মাতা অন্যকে [অপর পুরুষকে] উপসেবা করে নাই ত, অন্য পুরুষে উপরতা হয় নাই ত ?")

"তাত! পণ্ডিতা নাম (হে তাত! পণ্ডিতেরা কখনই) ভূতং বা অভূতং বা (হয় কি না হয় অথবা গত বা অনাগত) অনিয়্যানিকং নাম ন কথন্তি ইতি (অনিয়মিক [অনির্দ্দিষ্ট, বা অন্যায়] কোন কথাই বলেন না) ইতি এতাপেস্তো দুতিয়ং গাথং আহ (ইহা জানাইয়া দ্বিতীয় গাথা বলিল।)

সান্বয়ার্থ :—মুম্মুরে উপকুল্‌হিতো পোট্‌ঠপাদো ব (মুর্ম্মুরে [তুষের আগুনে, ভস্মে] ভস্মীভূত প্রোষ্টপাদের ন্যায়) ন খো পন এতং সচ্চুপসংহিতং সুভণং গিরং সয়েথা (কেহই এই প্রকার সত্যুপসংহিত, [সত্যযুক্ত] সুকথিত বা মনোহর বাক্য আশ্রয় করিবে না) [করিও না] অথবা "ন খো পন...গিরং সয়েথা, পোট্‌ঠপাদো ব মুর্ম্মুরে উপকুল্‌হিতো 'ভূয্যথা'", (কেহই...করিবে না...যেহেতু প্রোষ্ঠপাদের ন্যায় মুর্ম্মুরে ভস্মীভূত হইবে)। (২)

বোধিসত্তো ব্রাহ্মণস্‌স এবং ধম্মং দেসেত্বা (বোধিসত্ত্ব ব্রাহ্মণকে এইরূপ ধর্ম্মোপদেশ দিয়া) "ময়াপি (আমা দ্বারাও) ইমস্মিং ঠানে বসিতুং ন সক্কা (৩) (এই স্থানে বাস করা অসমর্থ") ইতি ব্রাহ্মণং আপুচ্ছিত্বা (এই বলিয়া ব্রাহ্মণকে জিজ্ঞাসা করিয়া, ব্রাহ্মণের নিকট বিদায় লইয়া,) অরঞ্ঞং পাবিসি (অরণ্যে প্রবেশ করিল)।

নচ্চজাতকং—নৃত্যজাতক।

অতীতে পঠমকপ্পে (অতীতকালে প্রথমকল্পে) চতুপ্পদা সীহং রাজানং অকংসু, (চতুষ্পদেরা সিংহকে রাজা করিয়াছিল।) মচ্ছা আনন্দমচ্ছং, সকুণা সুবণ্ণহংসং 'রাজানং' অকংসু'। (মৎস্যেরা আনন্দ'নামক' মৎস্যকে, শকুনেরা

---

(১) 'আমি এইবার প্রবাস হইতে বহু বিলম্বে আসি নাই', এইরূপ অর্থও হইতে পারে।

(২) অথবা 'এতং সচ্চুপসংহিতং গিরং ন সুভণং অর্থাৎ শুভকর বা মঙ্গলকর রূপে "কথিত" হয় না, যেহেতু ইহাতে প্রোষ্ঠপাদের ন্যায় ভস্মীভূত হইতে হইবে।

(৩) 'সক্কা' 'সক্কো' শব্দের ৩য়া বিভক্তি; 'ময়া' এই পদের বিশেষণ।

[পক্ষীরা] সুবর্ণহংসকে রাজা করিয়াছিল)। তস্‌স পন সুবণ্ণরাজহংসস্‌স ধীতা (সেই সুবর্ণ রাজহংসের দুহিতা) হংসপোতিকা অভিরূপা অহোসি (হংস কন্যা অতি সুন্দরী ছিল)। ইতি সো রাজা তস্‌সা বরং অদাসি (এই কারণে রাজা সেই কন্যাকে বর দিয়াছিল)। সা অত্তনো চিত্তরুচিতং সামিকং বারেসি (সেই কন্যা আপনার চিত্তরুচিত [মনোভিপ্রেত] স্বামীকে বরণ করিয়াছিল)। হংসরাজা তস্‌সা বরং দত্বা হিমবন্তে সব্বসকুণে সন্নিপাতাপেসি (হংসরাজ তাহাকে বর দিয়া হিমবন্ত প্রদেশে সমস্ত পক্ষীকে নিকটে একত্রিত করাইল, নিকটে ডাকাইল)। নানপ্পকারা হংসমোরাদয়ো সকুণগণা সমাগন্ত্বা একস্মিং মহন্তে পাসাণতলে সন্নিপাতিংসু (নানাপ্রকার হংসময়ূরাদি পক্ষীগণ সমাগত হইয়া এক সুবৃহৎ পাষাণপৃষ্ঠে একত্রিত হইল)। হংসরাজা ধীতরং পক্কোসাপেসি (হংসরাজ দুহিতাকে ডাকাইল, বলাইল) "অত্তনো চিত্তরুচিতং সামিকং আগন্ত্বা গণ্‌হতু" (আপনার চিত্তবাঞ্ছিত স্বামীর নিকট আসিয়া গ্রহণ করুক", অথবা আসিয়া নিজের চিত্তবাঞ্ছিত স্বামী গ্রহণ করুক)। সা সকুনসংঘং ওলোকেন্তী (সেই কন্যা পক্ষীসমূহকে অবলোকন করিতে করিতে [দর্শনকারিণী হইয়া]) মণিবণ্ণগীবং চিত্রপেখুণং মোরং দিস্বা (মণিবর্ণগ্রীবা, চিত্রিত পেখম ময়ূরকে দেখিয়া) রোচেসি(অভিপ্রায় করিল,নির্ব্বাচন করিল :—) "অয়ং মে সামিকং হোতু" ("ইনি আমার স্বামী হউক"।) সকুণসংঘা মোরং উপসংকমিত্বা আহংসু (পক্ষীসমূহ ময়ূরের নিকটবর্ত্তী হইয়া বলিল :—) "সম্ম মোর ! (হে সৌম্য ময়ুর !) অয়ং রাজধীতা (এই রাজদুহিতা) এত্তকানং সকুণানং মজ্‌ঝে (এতগুলি পক্ষীর মধ্যে) সামিকং রোচেন্তী (স্বামী নির্ব্বাচন করিতে করিতে, মনোমত স্বামী অন্বেষণ করিতে করিতে) তয়ি রুচিং উপ্পাদেসি" (তোমাতেই রুচি জন্মাইয়াছে")। মোর (ময়ুর) "অজ্জ অপি তাব মে বলং ন পস্‌সসি" (আজ পর্য্যন্তও আমার বল দেখ নাই"), ইতি বত্বা অতিতুট্‌ঠিয়া (এই বলিয়া অতি তুষ্টিহেতু) হিরোত্তপ্পং ভিন্দিত্বা (লজ্জাভয়, লজ্জাজ্ঞান ছেদন করিয়া, ত্যাগ করিয়া) তাব মহতো সকুণসংঘস্‌স মজ্ঝে পক্খে পসারেত্বা নচ্চিতুং আরভি, (সমস্ত সুবৃহৎ পক্ষীদলের মধ্যে পক্ষদ্বয় প্রসারিত করিয়া নাচিতে আরম্ভ করিল)। নচ্চন্তো অপটিচ্ছন্নো অহোসি (নাচিতে নাচিতে অপ্রতিচ্ছন্ন [অনাবৃত] হইয়া পড়িল)। সুবণ্ণহংসরাজা লজ্জিতো 'ইমস্‌স'

(সুবর্ণহংসরাজ লজ্জিত হইয়া) "ইমস্স ন এব অজ্ঝত্তসমুট্‌ঠানং * হিরী অত্থি (ইহার অধ্যাত্মসমুৎপন্ন লজ্জাও নাই ;) ন চ বহিদ্ধাসমুট্‌ঠানং ওত্তপ্পং, (কিংবা বাহ্যসমুৎপন্ন ঔত্তাপ্যও [ভয়, পাপভয়] নাই,) অস্স ভিন্নহিরোত্তপ্পস্স (এই শূন্যলজ্জাভয়কে, ত্যক্তলাজভয় ময়ূরকে) মম ধীতরং ন দস্সামি" (আমার কন্যা দিব না") ইতি 'বত্বা' সকুণসংঘমজ্ঝে ইমং গাথং আহ :— (এই বলিয়া পক্ষীদলমধ্যে এই গাথা বলিল :)—

সান্বয়ার্থ :—মঞ্ঞুং রুদং (মনোজ্ঞ—মধুর শব্দ [রোদ]) চ রুচিরা পিট্‌ঠি (এবং সুন্দর পৃষ্ঠদেশ) বেলুরিয়বণ্ণূপনিভ গীবা (এবং বৈদূর্য্য-মণি-বর্ণোপনিভা, বেলোয়ারি-বর্ণসদৃশ বর্ণবিশিষ্টা গ্রীবা) চ ব্যামমত্তানি পেক্‌খুণানি (ব্যামমাত্রা [ব্যামপরিমিত বিস্তৃত] পক্ষদ্বয়) তব মোরস্স সন্তি ইতি অত্থো। † তু (কিন্তু) নচ্চেন (নৃত্যহেতু, নাচিতেছ বলিয়া) তে ধীতরং ন দদামি (তোমাকে দুহিতা প্রদান করিব না)।

বুদ্ধঘোষের টীকা।—তত্থ "রুদং মঞ্ঞুং"ন্তি তকারস্স দকারো কতো রুদং মনাপং বস্সিতসদ্দো মধুরো'তি অত্থো, রুচিরা চ পিট্‌ঠী'তি পিট্‌ঠি'পি তে চিত্রা চেব সোভনা চ, "বেলুরিয়বণ্ণূপনিভা"তি বেলুরিয়মণিবণ্ণসদিসা, "ব্যাম-মত্তানী"তি একব্যামপ্পমাণানি, "পেখুণানী"তি পিঞ্জানি নচ্চেন তে ধীতরং নো দদামী"তি হিরোত্তপ্পং ভিন্দিত্বা নচ্চিতভাবেন'ব তে এবরূপস্স নিল্লজ্জস্স ধীতরং ন দদামি॥

হংসরাজা তস্মিং এব পরিসমজ্ঝে (হংসরাজ সেই পরিষদ্‌মধ্যেই [সভামধ্যেই]) অত্তনো ভাগিনেয্যহংসপোতকস্স (আপনার ভাগিনেয় হংসকুমারকে) ধীতরং অদাসি (দুহিতাকে প্রদান করিল)। মোরো হংসপোতিকং অলভিত্বা লজ্জিত্বা (ময়ূর হংসকুমারীকে না পাইয়া, লজ্জিত হইয়া) ততো ব উট্‌ঠাহিত্বা পলায়ি (তথা হইতে উঠিয়া পলায়ন করিল।) হংসরাজা'পি অত্তনো বসনট্‌ঠানে এব গতো (হংসরাজও আপনার বাসস্থানেই চলিয়া গেল)।

---

* অধ্যাত্মসমুট্‌ঠান—অধ্যাত্ম বা মন হইতে সমুত্থিত বা সমুৎপন্ন, অধ্যাত্মসমুৎপন্ন—আধ্যাত্মিক বা আভ্যন্তরিক। হিরী—হ্রী, লজ্জা। বেলুরি—বৈদূর্য্য, বেলোয়ারি।

† অথবা "তব রুদং মঞ্ঞুং, পিট্‌ঠি রুচিরা, গীবা বেলুরিয়বণ্ণূপনিভা, পেক্‌খুণানি ব্যামমত্তানি" এইরূপ অন্বয়ও হইতে পারে।

উলূকজাতকং—পেচকজাতক।

অতীতে পঠমকপ্পিকা সন্নিপাতিত্বা (অতীতকালে প্রথমকাল্পিক লোকেরা [সৃষ্টির প্রারম্ভের মনুষ্যেরা] একত্রিত হইয়া) একং অভিরূপং সোভগ্‌গপ্পত্তং আণাসম্পন্নং সব্বাকারপরিপুণ্ণং পুরিসং গহেত্বা রাজানং করিংসু (এক রূপবান, সৌভাগ্যপ্রাপ্ত, ক্ষমতাসম্পন্ন সর্ব্বাকারপরিপূর্ণ [সর্ব্বাবয়বপূর্ণ] পুরুষকে লইয়া রাজা করিয়াছিলেন।) চতুপ্পদা অপি সন্নিপাতিত্বা একং সীহং রাজানং করিংসু (চতুষ্পদ পশুরাও একত্রিত হইয়া এক সিংহকে রাজা করিয়াছিল।) মহাসমুদ্দে মচ্ছা আনন্দং নাম মচ্ছং রাজানং অকংসু (মহাসমুদ্রে মৎস্যেরা আনন্দ নামক মৎস্যকে রাজা করিয়াছিল।) ততো (তদনন্তর, তখন) সকুণগণা হিমবন্তপদেশে একস্মিং পিট্‌ঠিপাসাণে সন্নিপাতিত্বা (পক্ষীগণ হিমবন্তপ্রদেশে এক পাষাণপৃষ্ঠে একত্রিত হইয়া) "মনুস্‌সেসু রাজা পঞ্‌ঞায়তি (মনুষ্যদিগের মধ্যে রাজা দেখা যাইতেছে, [জ্ঞাত করাইতেছে]) চ চতুপ্পদেসু, চ এব মচ্ছেসু (এবং চতুষ্পদের মধ্যে, এবং মৎস্যদিগের মধ্যেও) 'রাজা' পঞ্‌ঞায়তি' ইতি। অম্‌হাকং পন অন্তরে (কিন্তু আমাদের অভ্যন্তরে) রাজা নাম ন অত্থি (রাজা বলিয়া কেহ নাই।) অপ্পতিস্‌সবাসো নাম ন বট্টতি (অরাজকতা, অধিপতিবিহীন বাস কখনও উচিত নয়।) অম্‌হাকং পি রাজানং লদ্ধুং বট্টতি (আমাদেরও রাজা লাভ করা উচিত) রাজট্‌ঠানে ঠপেতব্বযুত্তকং একং জানাথ" (রাজারস্থলে একজনকে স্থাপন [রাজপদে] যোগ্য অন্বেষণ কর") ইতি 'বত্বা' তে তাদিসং সকুণং ওলোকয়মানা (এই বলিয়া তাহারা তাদৃশ [সেইরূপ রাজোচিত রূপগুণ-সম্পন্ন] এক পক্ষী অবলোকন করিতে করিতে [অন্বেষণপর হইয়া]) একং উলূকং রোচেত্বা আহংসু (এক পেচককে অভিপ্রেত করিয়া, নির্ব্বাচন করিয়া বলিল :—) "অয়ং নো [অম্‌হাকং] রুচ্চতি" (এই পক্ষী আমাদিগের মনোনীত হইতেছে")। অথ একো সকুণো সব্বেসং অজ্‌ঝাসয়গহণত্থং *

* অজ্‌ঝাসয—অধ্যাশয়, অভিপ্রায়, মত, ইচ্ছা।

(অনন্তর একপক্ষী সকলের অভিপ্রায় [মত] গ্রহণার্থ) তিক্‌খত্তুং সাবেসি (১) (বারত্রয়, তিনবার, শুনাইল, ঘোষণা করিল।) তস্‌স সাবেন্তস্‌স (সেই শুনানকারীর ঘোষণাকারীর) দ্বে সাবনা (২) অধিবাসেত্বা (দুই ঘোষণা গ্রহণ করিয়া শ্রবণ করিয়া,) ততিয় সাবনায় একো কাকো উট্‌ঠায় (তৃতীয় ঘোষণায় এক কাক উঠিয়া,) "তিট্‌ঠ তাব, (কিঞ্চিৎ অপেক্ষা কর,) ইমস্মিং রাজাভিসেককালে এতস্‌স এবরূপং মুখং (এই রাজ্যাভিষেক কালে ইহার এইরূপ মুখ) কুদ্ধস্‌স কীদিসং ভবিস্‌সতি (ক্রুদ্ধ ইহার [ক্রুদ্ধ হইলে ইহার] কি প্রকার হইবে ?) ইতি ইমিনা হি কুদ্ধেন (ক্রুদ্ধ ইহাকর্ত্তৃক) ওলোকিতাময়্‌হং (অবলোকিত, দৃষ্ট আমরা) তত্তকপালে (তপ্ত কটাহে) পক্‌খিত্ততিলাবিয় (প্রক্ষিপ্ত তিলের ন্যায়) তত্থ তত্থ এব (সেই সেই স্থানেই, অর্থাৎ স্ব স্ব স্থানে) ভিজ্জিস্‌সাম (ছিন্ন ভিন্ন হইয়া পড়িব) ; ইমং রাজানং কাতুং ময়্‌হং ন রুচ্চতি" (ইহাকে রাজা করিতে আমাদের অভিপ্রেত হইতেছে না") ইতি ইমং অত্থং পকাসেতুং পঠমং গাথং আহ (এই বলিয়া এই অর্থ বা উদ্দেশ্য প্রকাশ করিবার জন্য প্রথম গাথা বলিল :)—

সান্বয়ার্থ :—কির সব্বেহি ঞাতীহি (বলা হইয়াছে যে, সমস্ত জ্ঞাতিকর্ত্তৃক) কোসিয়ো (কৌশিক, কোটরবাসী, অর্থাৎ পেচককে) ইস্‌সরো কতো (ঈশ্বর বা রাজা করা হইয়াছে)। সচে ঞাতীহি অনুঞ্ঞাতো (যদি জ্ঞাতিগণকর্ত্তৃক অনুজ্ঞাত বা অভিপ্রেত হই) অহং এক বাচিয়ং ভণেয়্য (আমি এক কথা বলিব)।

অথ নং অনুঞ্ঞাতত্তা (অনন্তর তাহাকে অনুজ্ঞাত হেতু [অনুমতি দিবার জন্য] সকুণা দুতিয়ং গাথং আহংসু (পক্ষীরা দ্বিতীয় গাথা বলিল :)—

সান্বয়ার্থ :—সম্ম ত্বং অনুঞ্ঞাতো (হে সৌম্য ! তুমি অনুজ্ঞাত, আদিষ্ট,) কেবলং অত্থং চ ধম্মং চ ভণ (কেবল অর্থ ও ধর্ম্ম অর্থাৎ যাহা উত্তম ও সত্য, তাহাই বল)। ('কারণ',) হি (নিশ্চয়ই) পঞ্ঞাবন্তো (প্রজ্ঞাবান্, জ্ঞানবান্) জুতিন্ধরা (দ্যুতিধর, জ্যোতিঃশালী অর্থাৎ জ্ঞানালোকসম্পন্ন) দহরা

---

(১) তিক্‌খত্তুং—ত্রি+কৃত্বন্। 'স্থ' সবনে, হেতুকর্ত্তৃপদমালায় 'সাবেসি'। (২) সাবন—শ্রাবণ, শ্রবন+ক।

পক্খী সন্তি (ক্ষুদ্র পক্ষীগণ আছে অর্থাৎ কেবল আকারে বড় হইলেই প্রজ্ঞাবান্ ও জ্ঞানবান্ হয় না।) *

সো এবং অনুঞ্ঞাতো (সে কাক এইরূপ অনুজ্ঞাত 'হইয়া') ততিয়ং গাথং আহ, (তৃতীয় গাথা বলিল) :—

সান্বয়ার্থ :—বো (তোমাদের) উলূকস্স অভিসেচনং (পেচকের অভিষেক) মে ভদ্দং ন রুচ্চতি (আমার ভাল লাগিতেছে না, আমি পছন্দ করিতেছি না) অকুদ্ধস্স অস্স মুখং পস্স (অক্রুদ্ধ ইহার [অর্থাৎ অক্রুদ্ধাবস্থায় ইহার] মুখ দেখ,) কুদ্ধো সো কথং করিস্সতি 'ন জানামি' (ক্রুদ্ধ হইলে এ কিরূপ করিবে, জানিনা ইত্যর্থ)।

সো এবং বত্বা (সে কাক এইরূপ বলিয়া) "মযহং ন রুচ্চতি, মযহং ন রুচ্চতি" ইতি বিরবন্তো ("আমার পছন্দ হইতেছে না, আমার পছন্দ হইতেছে না" এইরূপ শব্দ করিতে করিতে) আকাসে উপ্পতি (আকাশে উড়িয়া গেল)। উলূকো পি উট্ঠায় নং অনুবন্ধি (পেচকও উঠিয়া তাহার পশ্চাদ্ধাবিত হইল)। ততো পট্ঠায় (সেই হইতে) তে অঞ্ঞমঞ্ঞং (তাহারা অন্যোন্য বা পরস্পরকে) বেরং বন্ধিংসু (বৈরভাবে আবদ্ধ করিয়াছে)। সকুণা সুবণ্ণ হংসং রাজানং কত্বা পক্কমিংসু (পক্ষীরা সুবর্ণহংসকে রাজা করিয়া প্রস্থান করিল।)

কুরুঙ্গমিগজাতকং—কুরঙ্গমৃগজাতক।

অতীতে বারাণসিয়ং...কারেন্তে (অতীতে যখন ব্রহ্মদত্ত বারাণসীতে রাজত্ব করিতেছিলেন তখন) বোধিসত্তো কুরুঙ্গমিগো হুত্বা অরঞ্ঞে একস্স সরস্স অবিদূরে একস্মিং গুম্বে বাসং কপ্পেসি (বোধিসত্ত কুরঙ্গমৃগ হইয়া অরণ্যে এক সরোবরের নাতিদূরে এক গুল্মে [ঝোপে] বাস করিত)। তস্স এব সরস্স অবিদূরে একস্মিং রুক্খগ্গে (সেই সরোবরের নাতিদূরে এক বৃক্ষাগ্রে) সত-

---

* শেষোক্ত বাক্যটী কাক ও উলূক এই উভয়ের কাহাকে সমর্থন করিয়া বলা হইয়াছে ঠিক বলা যায় না। হয়তঃ কাককে বলা হইতেছে, "তুমিঃমহৎ বা ক্ষুদ্র হইলেও জ্ঞানবান্ বলিয়া তোমার কথা গ্রহণীয়"; অথবা "উলূক ক্ষুদ্র হইলেও তাহার উপযুক্ত রাজোপযোগী জ্ঞান ও বুদ্ধি থাকিতে পারে, সুতরাং সত্য বা ন্যায়সঙ্গত কথাই বল।"

পত্তো নিসীদি (শতপত্র [পত্রচ্ছেদনকারী, 'কাঠঠোক্‌রা'] বসিত)। সরস্মিং পন। কচ্ছপো বাসং কপ্পেসি (সরসীতে এক কচ্ছপ বাস করিত)। এবং তে তয়োপি সহায়া (এই প্রকারে তাহারা তিন সহায় বা তিনবন্ধু) অঞ্‌ঞমঞ্‌ঞং পিয়সংবাসং বসিংসু (পরস্পর প্রিয়সহবাসে বাস করিত)। অথ একো মিগলুদ্দকো অরঞ্‌ঞে চরন্তো পানীয়তিত্থে (অনন্তর এক মৃগলুব্ধক [মৃগব্যাধ] অরণ্যে বিচরণ করিতে করিতে পানীয় তীর্থে [জলের ঘাটে]) বোধিসত্তস্স পদবলঞ্জং দিস্বা (বোধিসত্ত্বের পদলাঞ্ছন [পদচিহ্ন] দেখিয়া) লোহনিগলসদিসং (লৌহনিগড়সদৃশ, লৌহশৃঙ্খল সদৃশ) বদ্ধময়ং (বধ্রময়, চর্ম্মময়) পাসং (পাশ, জাল) ওড্‌ডেত্বা (ক্ষেপন করিয়া, বিস্তার করিয়া) অগমাসি (আসিল)। বোধিসত্তো পানীয়ং পাতুং আগতো (বোধিসত্ত্ব জল পান করিতে আগত হইয়া) পঠমযামেয়েব পাসে বজ্ঝিত্বা বদ্ধরবং রবি (প্রথম যামেই [প্রথম প্রহরেই] পাশে বদ্ধ হইয়া বদ্ধরব [জালবদ্ধ হইলে যেইরূপ শব্দ করে] করিতে লাগিল)। তস্স তেন সদ্দেন রুক্খতো সতপত্তো (তাহার সেই শব্দে বৃক্ষ হইতে শতপত্র) উদকতো চ কচ্ছপো (এবং জল হইতে কচ্ছপ) আগন্ত্বা মন্তয়িংসু (আসিয়া মন্ত্রণা করিল):—"কিং নু খো কাতব্বং" ইতি ("কি করিতে হইবে এখন? এখন কি করা উচিত'?)। অথ সতপত্তো কচ্ছপং আমন্তেত্বা (অনন্তর শতপত্র কচ্ছপকে ডাকিয়া) "সম্ম, তব দন্তা অত্থি (হে সৌম্য, তোমার দন্ত আছে,) ত্বং ইমং পাসং ছিন্দ, (তুমি এই পাশ ছেদন কর,) অহং গন্ত্বা যথা সো ন আগচ্ছতি তথা করিস্সামি, (আমি গিয়া যেই প্রকারে সে [ব্যাধ] না আসে, তাহাই করিব,) এবং অমেহহি দ্বিহি পি কতপরক্কমেন (এই প্রকারে আমরা দুই জন [কর্তৃক] কৃতপরাক্রম বা চেষ্টার দ্বারা) নো সহায়ো জীবিতং লভিস্সতি" (আমাদের বন্ধু প্রাণ লাভ করিবে,") ইতি বত্বা ইমং অত্থং পকাসেন্তো পঠমং গাথং আহ:—(এই বলিয়া এই অর্থ প্রকাশ করিতে করিতে প্রথম গাথা বলিল):—

সান্বয়ার্থ:—কচ্ছপ (হে কচ্ছপ!) ইঙ্ঘ (এদিকে আস,) দন্তেহি বদ্ধময়ং পাসং ছিন্দ (দন্তের দ্বারা চর্ম্মময় পাশ ছেদন কর,) যথা লুদ্দকো ন এহিতি (যাহাতে ব্যাধ না আসে,) অহং তথা করিস্সামি (আমি তাহাই করিব।)।

কচ্ছপো চম্মবরত্তং (কচ্ছপ চর্ম্মবরত্রা [চর্ম্মরজ্জু]) খাদিতুং আরভি (খাইতে

আরম্ভ করিল)। সতপত্তো লুদ্দস্‌স বসনগামং গতো (শতপত্র ব্যাধের বাস-গ্রামে গেল)। লুদ্দো পচ্চুসকালেয়েব সত্তিং গহেত্বা নিক্‌খমি (ব্যাধ প্রত্যূষ কালেই [প্রাতেই] শক্তি [ছুরি] লইয়া বাহির হইল)। সকুণো তস্‌স নিক্‌খমনভাবং ঞত্বা (পক্ষী [শতপত্র] তাহার [ব্যাধের] নিষ্ক্রমণাভিপ্রায়, [বাহির হইবে] জানিয়া) বস্‌সিত্বা (চীৎকার করিয়া) পক্‌খে পপ্পোট্‌ঠেত্বা (পক্ষদ্বয় প্রস্ফুটন করিয়া, পক্ষবিধূনন করিয়া, "পাখা ঝাড়িয়া") তং পুরে দ্বারেন নিক্‌খমন্তং (তাহাকে পুরোদ্বার [সম্মুখদ্বার] দিয়া বাহির হইতে) মুখে পহরি (মুখে আঘাত করিল)। লুদ্দো, (ব্যাধ), "কালকণ্ণিসকুণেন পহটো অম্‌হি" ("কালকর্ণী পক্ষী কর্তৃক [অমঙ্গল জনক পক্ষী, "কালপেচক" (?)] আমি আহত হইলাম") ইতি চিন্তিত্বা' নিবত্তিত্বা থোকং সয়িত্বা (এই চিন্তা করিয়া, প্রত্যাবর্ত্তন পূর্ব্বক অল্পক্ষণ শয়ন করিয়া) পুন সত্তিং গহেত্বা উট্‌ঠাসি (পুনর্ব্বার শক্তি গ্রহণ করিয়া উঠিল)। সকুণো (শতপত্রপক্ষী) "অয়ং পঠমং পুরেদ্বারেন নিক্‌খন্তো (এই ব্যাধ প্রথমে পুরোদ্বার দিয়া নিষ্ক্রান্ত হইয়াছে), ইদানি পচ্ছিম দ্বারেন নিক্‌খমিস্‌সতি" (এখন পশ্চিমদ্বার [পশ্চাদ্দ্বার] দিয়া বাহির হইবে") ইতি ঞত্বা গন্ত্বা পচ্ছিমগেহে নিসীদি (জানিয়া, গিয়া, পশ্চিম গৃহে বসিল।)। লুদ্দো পি (ব্যাধও) "পুরে দ্বারেন নিক্‌খমন্তেন মে (পুরোদ্বার দিয়া বহির্গত আমার বা আমাকর্ত্তৃক) কালকণ্ণিসকুণো দিট্‌ঠো (কালকর্ণী পক্ষী দৃষ্ট হইয়াছে'), ইদানি পচ্ছিম দ্বারেন নিক্‌খমিস্‌সামি (এক্ষণে পশ্চিম দ্বার দিয়া বাহির হইব") ইতি চিন্তিত্বা পশ্চিমদ্বারেন নিক্‌খমি (এই চিন্তা করিয়া পশ্চাৎ দ্বার দিয়া বহির্গত হইল)। সকুণো পুন বস্‌সিত্বা গন্ত্বা মুখে পহরি (শতপত্রপক্ষী পুনরায় চীৎ-কার করিয়া গিয়া মুখে প্রহার করিল) লুদ্দো পুন পি কালকণ্ণিসকুণেন পহটো ভুত্বা' (ব্যাধ পুনরায়ও কালকর্ণী পক্ষী কর্ত্তৃক প্রহৃত হইয়া) "এস মে নিক্‌খমিতুং ন দেতি" (এ আমাকে বাহির হইতে দিতেছে না") ইতি নিবত্তিত্বা যাব অরুণুগ্‌গমনা সয়িত্বা (এই ভাবিয়া প্রত্যাবর্ত্তন করিয়া সূর্য্যোদয়ের প্রারম্ভ হইতে শয়ন করিয়া) অরুণবেলায় সত্তিং গহেত্বা নিক্‌খমি (সূর্য্যোদয় হইলে, বেলা হইলে শক্তি গ্রহন করিয়া বাহির হইল)। সকুণো বেগেন গন্ত্বা বোধিসত্তস্‌স কথেসি (পক্ষী বেগে গিয়া বোধিসত্ত্বকে বলিল :—) "লুদ্দো আগচ্ছতি" ("ব্যাধ আসিতেছে") তস্মিং খণে (সেইক্ষণে) কচ্ছপেন (কচ্ছপকর্ত্তৃক) একং এব

বদ্ধং ঠপেত্বা (এক মাত্র চর্ম্মরজ্জু রাখিয়া দিয়া) সেসবরত্তা খাদিতা হোন্তি (অবশিষ্ট চর্ম্মরজ্জু খাদিত হইয়াছিল,) পন অস্‌স দন্তা পতনাকারপ্পত্তা জাতা (কিন্তু ইহার দন্তগুলি পতনকারপ্রাপ্ত, পতনদশাপ্রাপ্ত [হইল) মুখং লোহিত-মক্‌খিতং (মুখ রক্তমাখা হইল)। বোধিসত্তো লুদ্দপুত্তং সত্তিং গহেত্বা (বোধিসত্ত্ব ব্যাধপুত্রকে শক্তি গ্রহণ করিয়া) অসনিবেগেন আগচ্ছন্তং দিস্বা (অশনি-বেগে আসিতে দেখিয়া) তং বদ্ধং ছিন্দিত্বা বনং পাবিসি (সেই চর্ম্ম ছেদন করিয়া বনে প্রবেশ করিল)। সকুণো রুক্‌খাগ্‌গে নিসীদি (পক্ষী বৃক্ষাগ্রে বসিল)। কচ্ছপো পন দুব্বলত্তা তত্থ এব নিপজ্জি (কচ্ছপ কিন্তু দুর্ব্বলতাহেতু সেই খানেই পড়িয়া রহিল)। লুদ্দো কচ্ছপং পসিব্বকে (ব্যাধ কচ্ছপকে প্রসেবকে [থলিয়ায়]) পক্‌খিপিত্বা একস্মিং খানুকে [স্থাণু] লগ্‌গেসি (নিক্ষেপ করিয়া এক বৃক্ষের গুঁড়িতে সংলগ্ন করিয়া রাখিল)। বোধিসত্তো নিবত্তিত্বা ওলোকেন্তো (বোধিসত্ত্ব প্রত্যাবর্ত্তন পূর্ব্বক অবলোকন করিতে করিতে) কচ্ছপস্‌স গহিতভাবং ঞত্বা (কচ্ছপের গৃহীতভাব জানিয়া, অর্থাৎ কচ্ছপকে ধরিয়াছে জানিয়া) "সহায়স্‌স জীবিতদানং দস্‌সামি" ("বন্ধুর জীবন দান করিব") ইতি দুব্বলো বিয় হুত্বা (এই ভাবিয়া দুর্ব্বলের ন্যায় দেখাইয়া) লুদ্দস্‌স অত্তনং দস্‌সে (ব্যাধকে আত্মপ্রদান করিল)। সো (সেই ব্যাধ), "এস দুব্বলো ভবিস্‌সতি মারেস্‌সামি নাম" (এই কচ্ছপ দুর্ব্বল হইয়া থাকিবে, 'ইহাকে মারিব কি ?") ইতি সত্তিং আদায় অনুবন্ধি (এই ভাবিয়া শক্তি গ্রহণ করিয়া তাহার অনুসরণ করিল)। বোধিসত্তো নাতিদূরে নাচ্চাসন্নে গচ্ছন্তো (বোধিসত্ত্ব 'ব্যাধের' নাতিদূরে নাতি নিকটে 'থাকিয়া' গমন করিতে করিতে) তং আদায় অরঞ্ঞং পাবিসি (তাহাকে [ব্যাধকে সঙ্গে] লইয়া অরণ্যে প্রবেশ করিল). দূরং গতভাবং ঞত্বা (দূরে গিয়াছে জানিয়া) পদং বঞ্চেত্বা অঞ্‌ঞেন মগ্‌গেন বাত-বেগেন গন্ত্বা (পদচিহ্ন বঞ্চনা করিয়া, [পথ ভাঁড়াইয়া] অন্য পথ দিয়া বায়ুবেগে গিয়া) সিঙ্গেন পসিব্বকং উক্‌খিপিত্বা (শৃঙ্গের দ্বারা থলিয়া উৎক্ষিপ্ত করিয়া) ভূমিয়ং পাতেত্বা ফালেত্বা কচ্ছপং নীহারি (ভূমিতে ফেলিয়া ছিঁড়িয়া কচ্ছপকে টানিয়া বাহির করিল,)। সতপত্তোপি রুক্‌খা ওতরি (শত পত্রও বৃক্ষ হইতে অবতরণ করিল)। বোধিসত্তো দ্বিন্নং পি ওবাদং দদমানো আহ (বোধিসত্ত্ব দুই জনকে উপদেশ দিতে দিতে বলিল):—"অহং তুম্হে

নিস্সায় জীবিতং লভিং ; (আমি তোমাদের হেতুই জীবন লাভ করিয়াছি,) তুম্হেহি সহায়স্স কত্তব্বং ময়্হং কতং, (তোমাদিগের দ্বারা বন্ধুর প্রতি কর্ত্তব্য আমাতেই করা হইয়াছে,) ইদানি লুদ্দো আগন্ত্বা তুম্হে গণ্হেয্য, (এক্ষণে ব্যাধ আসিয়া তোমাদিগকে ধরিবে,) তস্মা সম্ম সতপত্ত ত্বং অত্তনো পুত্তকে গহেত্বা অঞ্ঞত্থ যাহি (সেইজন্য, হে সৌম্য শতপত্র ! তুমি আপনার পুত্র-গণকে লইয়া অন্যত্র যাও,) সম্ম কচ্ছপ, ত্বং পি উদকং পবিস" (সৌম্য কচ্ছপ ! তুমিও জলে প্রবেশ কর" ।) তে তথা অকংসু (তাহারা সেইরূপ করিল,) :—

সান্বয়ার্থ :—কচ্ছপো বারিং পাবিসী (কচ্ছপ জলে প্রবেশ করিল,) কুরুঙ্গ বনং পাবিসী (কুরঙ্গ বনে প্রবেশ করিল,) সতপত্তো দুমগ্গগম্হা (শতপত্র দ্রুমাগ্র, বৃক্ষাগ্র হইতে) পুত্তে দূরে অপানয়ি (পুত্রদিগকে দূরে অপনয়ন করিল) ।

লুদ্দো তং ঠানং আগন্ত্বা কংচি অপস্সিত্বা ছিন্নপাসিব্বকং গহেত্বা (ব্যাধ সেই স্থানে আসিয়া কাহাকেও না দেখিয়া ছিন্নথলিয়া লইয়া) দোমনস্সপ্পত্তো অত্তনো গেহং অগমাসি (দৌর্ম্মনস্যপ্রাপ্ত, দুঃখপ্রাপ্ত হইয়া আপনার গৃহে গেল) । তে পি তয়ো সহায়া যাবজ্জীবং বিস্সাসং অছিন্দিত্বা যথাকম্মং গতা (তাহারাও তিন বন্ধু যাবজ্জীবন বিশ্বাস ছেদন না করিয়া যথাকর্ম্মে গমন করিল) ।

জবসকুণজাতকং—জবপক্ষীজাতক ।

অতীতে...কারেন্তে (অতীত কালে যখন ব্রহ্মদত্ত ইত্যাদি) বোধিসত্তো হিমবন্তপদেসে রুক্খকোট্টকসকুণো হুত্বা নিব্বত্তি (বোধিসত্ত্ব হিমবন্তপ্রদেশে বৃক্ষকুট্টক পক্ষী, বা বৃক্ষকোটরক ['কাঠঠোকরা] পাখী' হইয়া জন্মিয়াছিলেন) । অথ মংসং খাদন্তস্স একস্স সীহস্স অট্ঠি গলে লগ্গি (অনন্তর মাংস খাইতে খাইতে এক সিংহের গলায় অস্থি ফুটিয়া গেল,) গলো উদ্ধুমায়ি (গলা ফুলিয়া গেল,) গোচরং গণ্হিতুং ন সক্কোতি (শিকার ধরিতে অসমর্থ হইল,) খরা বেদনা বত্তন্তি খরা [তীক্ষ্ণ] বেদনা হইল) । অথ গোচরপসুতো সো সকুণো নং দিস্বা (অনন্তর শিকারান্বেষণ-লিপ্ত সেই পক্ষী তাহাকে দেখিয়া) সাখায় নিলীনো

পুচ্ছি (বৃক্ষশাখাতে উপবিষ্ট হইয়া জিজ্ঞাসা করিল):—"সম্ম, কিং তে দুক্খং" (সৌম্য! তোমার কি কষ্ট হয়েছে ?") সো তং অত্থং আচিক্খি (সেই সিংহ সেই বিষয় বর্ণনা করিল।) "সম্ম, অহং তে এতং অট্‌ঠিং অপনেয্যাং, (সৌম্য আমি তোমার এই অস্থি অপনয়ন করিব,) ভয়েন পন তে মুখং পবিসিতুং ন বিসহামি, (ভয়হেতু কিন্তু তোমার মুখে প্রবেশ করিতে সাহস করিতেছি না,)"অপি মাং খাদেয্যাসি (যদি পাছে আমাকে খাইয়া ফেল")। "সম্ম, মা ভায়ি, অহং তং ন খাদামি, জীবিতং মে দেহি," ("হে সৌম্য ! ভয় করিও না, আমি তোমাকে খাইতেছি না, আমার প্রাণ দাও")। সো (সে পক্ষী) "সাধু ইতি" তং পস্‌সেন নিপজ্জাপেত্বা ("হাঁ বেশ" বলিয়া তাহাকে পার্শ্বোপরি বা 'একপাশে' পাতিত করিয়া, শোয়াইয়া,) "কো জানাতি, এস কিং করিস্‌সতি" ("কে জানে, এ কি করিবে ?") ইতি চিন্তেত্বা যথা মুখং পিদহিতুং ন সক্কোতি, (এই চিন্তা করিয়া (যেইপ্রকারে মুখ বন্ধ করিতে সমর্থ না হয়,) তথা তস্‌স অধরোট্‌ঠে চ উত্তরোট্‌ঠে চ (সেইপ্রকারে তাহার অধরোষ্ঠে ও উপরোষ্ঠে) দণ্ডকং ঠপেত্বা মুখং পবিসিত্বা (দণ্ড রাখিয়া মুখে প্রবেশ করিয়া) অট্‌ঠিকোটিং তুণ্ডেন পহরি (অস্থিপ্রান্ত চঞ্চুদ্বারা আঘাত করিল।) অট্‌ঠি পতিত্বা গতং (অস্থি পড়িয়া নীচে গেল)। সো অট্‌ঠিং পাতেত্বা সীহস্‌স মুখতো নিক্খমন্তো (সেই পক্ষী অস্থি ফেলাইয়া দিয়া সিংহের মুখ হইতে বহির্গত হইতে) তুণ্ডেন দণ্ডকং পহরিত্বা (ঠোঁট দ্বারা দণ্ডটী আঘাত করিয়া) পাতেন্তো নিক্খামিত্বা সাখগ্‌গে নিলীয়ি (ফেলাইয়া দিয়া বাহির হইয়া শাখাগ্রে উপবিষ্ট হইল।) সীহো নীরোগো হুত্বা এক দিবসং বনমহিসং বধিত্বা খাদতি (সিংহ নীরোগ হইয়া একদিন বন্যমহিষ বধ করিয়া খাইতেছিল।) সকুণো, "বীমংসিস্‌সামি নং" ইতি (পক্ষী, "ইহাকে পরীক্ষা করিব" এই চিন্তা করিয়া) তস্‌স উপরিভাগে সাখায় নিলীয়িত্বা (তাহার [সিংহের] উপরিভাগে শাখায় বসিয়া) তেন সদ্ধিং সল্লপন্তো পঠমং গাথং আহ (তাহার সহিত আলাপ করিতে করিতে প্রথম গাথা বলিল):—

সান্বয়ার্থঃ—যং বলং (যেই বল বা শক্তি) অহুবাম্‌হসে ('আমাদের' আছে অর্থাৎ যথাশক্তি) 'তেন' তে তং কিচ্চং (তদ্দ্বারা তোমার সেইরূপ কৃত্য [কার্য্য] অকম্‌হসে (করিয়াছি), মিগরাজা, নমো তে অত্থু (হে মৃগরাজ! তোমাকে নমস্কার হউক,) 'ময়্‌হং' কিঞ্চি অপি লভামসে (আমরা কিছু পাইব কি ?")

তং সুত্বা সীহো তৃতীয়ং গাথং আহ (তাহা শুনিয়া সিংহ দ্বিতীয় গাথা বলিল):—

সান্বয়ার্থঃ—লোহিতভক্‌খস্‌স নিচ্চং লুদ্দানি কুব্বতো মম (রক্তপায়ী নিত্য মৃগয়াদিকারী আমার) দন্তান্তরগতো (দন্ত বহির্গত, দন্তকবল হইতে বহির্গত) সন্তো (হইয়া) ত্বং যং জীবসি, বা জীবসি যং, তং বহুং (তুমি যে বাঁচিয়াছ, বা বাঁচিয়াছ এই যাহা, তাহাই অনেক) অর্থাৎ তুমি যে আমার দন্তের বাহির হইয়া বাঁচিয়া আছ এই ঢের।"

তং সুত্বা সকুণো ইতরা দ্বে গাথা অভাসি:—(তাহা শুনিয়া পক্ষী অন্য দুই গাথা বলিল):—

সান্বয়ার্থ:—অকতঞ্ঞুং (অকৃতজ্ঞকে) অকত্তারং (অকর্ত্তাকে অর্থাৎ অনুপকারীকে) কতস্‌স অপ্পতিকারকম্‌ (কৃতের অর্থাৎ কৃতোপকারের অপ্রতীকারকারীকে, অর্থাৎ উপকারের যে প্রত্যুপকার করেনা তাহাকে)—যস্মিং কতঞ্ঞুতা ন অত্থি তস্‌স—(যে ব্যক্তিতে কৃতজ্ঞতা নাই তাহার) সেবা নিরত্থা (সেবা নিরর্থ, বিফল)।

সান্বয়ার্থ:—সম্মুখচিণ্ণেন (সম্মুখাচরণ বা প্রত্যক্ষ কার্য্যদ্বারা) যস্‌স মিত্তধম্মো যাহার মৈত্রধর্ম্ম বা মৈত্রভাব) ন লব্‌ভতি (পায় না) যো কো চি পুগ্‌গলো ইতি অত্থো, তম্‌হা (তাহার নিকট হইতে) অনক্কোসং (অনাক্রোশে, অক্রোধে) অনুসুয্যং (অনসূয়ায়, অসূয়া বা ঈর্ষা বিরহিত হইয়া) সণিকং অপক্কমে (শীঘ্রই বা শনৈঃ অপক্রম করিবে) সো পুগ্‌গলো ইতি অত্থো।

এবং বত্বা সো সকুণো পক্কামি (এই প্রকার বলিয়া সেই পাখী প্রস্থান করিল)।

সসজাতকং—শশকজাতক।

অতীতে বারাণসিয়ং ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে বোধিসত্তো সসয়োনিয়ং নিব্বত্তিত্বা অরঞ্ঞে বসতি (অতীতকালে বারাণসীতে ব্রহ্মদত্ত রাজত্ব করিলে বোধিসত্ত্ব

